গ. হিন্দি
ঘ. জাপানি
উত্তর: ক

'মুসাফির' কোন ভাষার শব্দ?
ক. আরবি
খ. তুর্কি
গ. হিন্দি
ঘ. হিন্দি
উত্তর: ক

'দালাল' শব্দটি কোন ভাষা হতে বাংলা ভাষায় এসেছে?
ক. ইংরেজি
খ. উর্দু
গ. হিন্দি
ঘ. আরবি
উত্তর: ঘ

'উকিল' ও 'মক্কেল' শব্দ দুইটি বাংলা ভাষা গ্রহণ করেছে-
ক. আরবি ভাষা হতে
খ. ফরাসি ভাষা হতে
গ. তুর্কি ভাষা হতে
ঘ. পর্তুগিজ ভাষা হতে
ঙ. হিন্দি ভাষা হতে
উত্তর: ক

'তবলা' শব্দটির উৎপত্তি কোন ভাষা থেকে?
ক. আরবি
খ. ফার্সি
গ. পর্তুগিজ
ঘ. সংস্কৃত
উত্তর: ক

'মোলায়েম' শব্দটি কোন ভাষা থেকে বাংলা শব্দ সম্ভারে যুক্ত হয়েছে?
ক. সংস্কৃত
খ. ফারসি
গ. আরবি
ঘ. পর্তুগিজ
উত্তর: গ

'মশকরা' ও 'মশগুল' শব্দ দুটো-
ক. তুর্কি
খ. হিন্দি
গ. ফারসি
ঘ. আরবি
উত্তর: ঘ

'শালগম' শব্দটির মূল ভাষা-
ক. সংস্কৃত
খ. আরবি
গ. ফারসি
ঘ. তুর্কি
উত্তর: খ

Download from www.bdnijyog.com

www.bdjiyog.com

◆ নিম্নের কোনটি আরবি শব্দ নয়? [সকল ক্যাডার, ডাটা ও রুপসী বাংলা অফিসার ০৮]
ক. আল্লাহ খ. ঈমান
গ. বেহেস্ত ঘ. হালাল
ঙ. কোনটিই নয় উত্তরঃ গ

◆ 'খোদা' শব্দটি কোন ভাষার শব্দ? [কাস্টমস ক্লার্ক অফিসার সহকারী ট্রেনিং প্রকৌশলী ১৮]
ক. আরবি খ. ফারসি
গ. উর্দু ঘ. বাংলা উত্তরঃ খ

◆ 'ফরমান' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে? [ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৮] [সকল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ০৬-০৭]
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. হিন্দি
ঙ. উর্দু উত্তরঃ খ

◆ 'তারিখ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [কাস্টমস ক্লার্ক অফিসার সহকারী ট্রেনিং প্রকৌশলী ১৮]
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. গুজরাটি উত্তরঃ খ

◆ বাবেল মান্দেব কি শব্দ? [১০ম বিসিএস]
ক. ফারসি খ. উর্দু
গ. আরবি ঘ. ইংরেজি উত্তরঃ ক

◆ কোন্ শব্দটি ফারসি? [১৬তম বিসিএস/ সহকারী জজ বিসিএস ট্রেনিং ০৭]
ক. মুসাফির খ. তকদির
গ. পেরেশান ঘ. মজলুম উত্তরঃ গ

◆ 'জিন্দাবাদ' কোন ভাষার শব্দ? [সহকারী কমিশনার (ভূমি) প্রিলিমিনারি পরীক্ষা-২০১৮]
ক. ফারসি খ. উর্দু
গ. সংস্কৃত ঘ. হিন্দি উত্তরঃ ক

◆ 'কারবার' শব্দটি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ০৫-০৬]
ক. আরবি খ. ফারসি
গ. উর্দু ঘ. পর্তুগিজ উত্তরঃ খ

◆ বাংলা ভাষায় ব্যবহৃত 'লেবু' শব্দটি কোন ভাষা হতে আগত? [বাংলা সহকারী শিক্ষা অফিসার ০৪]
ক. ফরাসি খ. আরবি
গ. ফারসি ঘ. হিন্দি উত্তরঃ গ

◆ কোনটি ফারসি ভাষার শব্দ? [পিএসসি সমন্বয়ে অফিসার ০৬]
ক. শহীদ খ. বাদশাহ
গ. আলমারি ঘ. হরতাল উত্তরঃ ক

◆ ফরাসি শব্দ কোনটি? [ফিলিপস কুয়ে কনস্টাটার কর্মকর্তা ১৮]
ক. চিনি খ. আনারস
গ. হরতন ঘ. রেস্তোরা উত্তরঃ ঘ

◆ ব্যাকরণ শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা (মূল/সমপর্যায়) -২০১৪]
ক. নব্য ভারতীয় আর্যভাষা খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. অসমীয়া উত্তরঃ গ

◆ নিচের কোন শব্দটি ফরাসি ভাষা থেকে বাংলা ভাষায় গৃহীত হয়েছে? [ইমিগ্রেশন অফিসার ভর্তি পরীক্ষা পরীক্ষার্থী]
ক. সাথী খ. লাইব্রেরী
গ. প্রোগ্রাম ঘ. নিলাম উত্তরঃ খ

Download from www.bdjiyog.com

www.bdniyog.com

ফরাসি থেকে আগত শব্দ- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৫-০৬]
ক. ঠান্ডা
খ. বরফ
গ. ইংরেজ
ঘ. হিম
উত্তরঃ গ

'কুপন' কোন ভাষা হতে গৃহীত হয়? [ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৫-০৬]
ক. ইংরেজি
খ. ফরাসি
গ. ফারসি
ঘ. ওলন্দাজ
উত্তরঃ খ

'কামান' কোন দেশি শব্দ? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৩-০৪]
ক. পর্তুগিজ
খ. ফারসি
গ. আরবি
ঘ. ফরাসি
উত্তরঃ খ

নিচের কোনটি পর্তুগিজ শব্দ? [বাংলা একাডেমি কর্মকর্তা পরীক্ষা: ০৩]
ক. গুদাম
খ. কুপন
গ. চাহিদা
ঘ. চাকর
ঙ. নমুনা
উত্তরঃ

পর্তুগিজ ভাষা থেকে নিম্নোক্ত একটি শব্দ বাংলা ভাষায় আত্তীকরণ করা হয়েছে? [চাকরি]
ক. টেবিল
খ চেয়ার
গ. বালতি
ঘ.শরবত
উত্তরঃ গ

'আনারস' এবং 'চাবি' শব্দ দুটি বাংলা ভাষা গ্রহণ করেছে- [চাকরি]
ক. পর্তুগিজ ভাষা হতে
খ. আরবী ভাষা হতে
গ. দেশী ভাষা হতে
ঘ. ওলন্দাজ ভাষা হতে
উত্তরঃ ক

বাংলা ভাষায় ব্যবহৃত 'টুপি' শব্দটি কোন দেশীয়? [সোনালী ব্যাংক: ০৩]
ক. ফরাসি
খ. ফারসি
গ. পর্তুগিজ
ঘ. হিন্দি
উত্তরঃ গ

আনারস, আলকাতরা, কেরানী, আলমারি, চাবি -- এই শব্দগুলি কোন ভাষা থেকে এসেছে?
ক. ওলন্দাজ
খ. পর্তুগিজ
[দু টাকার জামদার্ন পরীক্ষা: ০৪]
গ. তুর্কি
ঘ. ফরাসি
উত্তরঃ খ

'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (চূড়ান্ত/সহকারী ২) -২০১৪/নতুন সিলেবাস]
ক. হিন্দি
খ. উর্দু
গ. পর্তুগিজ
ঘ. গ্রিস
উত্তরঃ গ

'সাবান' একটি- [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৫-০৬]
ক. বিদেশী
খ. দেশী
গ. তদ্ভব
ঘ. তৎসম
উত্তরঃ ক

'জানালা' শব্দটি- [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩]
ক. তৎসম
খ. তদ্ভব
গ..দেশী
ঘ. বিদেশী
উত্তরঃ খ

'জানালা' শব্দটি -- [উপজেলা পরিষদ কর্মকর্তা ১ম পত্রের প্রশ্নের উপযোগি নির্দেশিকা]
ক. ফারসি
খ. পর্তুগিজ
গ. হিব্রু
ঘ. তুর্কি
উত্তরঃ খ

'বাবুর্চি' কোন ভাষার শব্দ? [কৃষি ব্যাংক পরিচালক নিয়োগ ০৯/ ব্যাংক নির্দেশিকা]
ক. আরবি
খ. ফারসি
গ. তুর্কি
ঘ. উর্দু
উত্তরঃ গ

Download from www.bdniyog.com

www.bdniyog.com

◆ 'কাঁচি' কোন ধরনের শব্দ? [দুদক বিশেষ/দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক-২০১৩/ প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কমিশনার যোগ্যতার ২০১৩/ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের জুনিয়র সহকারী ২০১২/জেলা সেরেস্তার প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১১-সিটিসি/সহকারী জজ প্রিলিমিনারি পরীক্ষা-২০০৯/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৬-০৭]

ক. ফারসি খ. ফারসি
গ. হিন্দি ঘ. তুর্কি

উত্তরঃ ঘ

◆ 'দারোগা' কোন ধরনের শব্দ? [প্রাথমিক সহকারী পরীক্ষা: ০৪]

ক. পর্তুগীজ খ. ফারসি
গ. ইংরেজি ঘ. তুর্কি

উত্তরঃ ঘ

◆ 'বাবা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা ২০১২/চাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৬-০৭]

ক. তুর্কি খ. ফারসি
গ. ইংরেজি ঘ. ফারসি

উত্তরঃ ক

◆ 'জঙ্গল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় সহকারী শিক্ষক: ০৩]

ক. হিন্দি খ. পার্সী
গ. তুর্কি ঘ. ফরাসি

উত্তরঃ গ

◆ 'কুলি' শব্দটি কোন ভাষা হতে আগত? [উপজেলা পরিষদ-সিনিয়র পদ: ০৫]

ক. ফার্সি খ. আরবি
গ. বাংলা ঘ. তুর্কি

উত্তরঃ ঘ

◆ 'চকমক' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ০৫]

ক. চীনা খ. হিন্দি
গ. উর্দু ঘ. তুর্কী

উত্তরঃ ঘ

◆ কোন শব্দটি ইংরেজি থেকে বাংলায় এসেছে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৫-০৬]

ক. বাদাম খ. বোতল
গ. বাজিমাৎ ঘ. বাগান

উত্তরঃ খ

◆ দাপ্তরিক কোন শব্দটি ইংরেজি ভাষা থেকে আগত? [ডেভেলপমেন্ট]

ক. আইন খ. দাখিল
গ. এজেন্ট ঘ. মুচলেকা

উত্তরঃ গ

◆ 'ম্যালেরিয়া' শব্দটি কোন ভাষা হতে এসেছে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৬-০৭]

ক. ইতালি খ. ফরাসি
গ. ইংরেজি ঘ. রুশ

উত্তরঃ গ

◆ বাংলা ভাষা এই শব্দ দুটি গ্রহণ করেছে চীনা ভাষা হতে - [ডেভেলপমেন্ট]

ক. চাকু, চাকর খ. খদ্দর, হরতাল
গ. চা, চিনি ঘ. রিক্সা, রেস্তোরাঁ

উত্তরঃ গ

◆ চা, লিচু, লুচি কোন জাতীয় শব্দ? [সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৯]

ক. বাংলা খ. ফারসি
গ. তুর্কিশ ঘ. চৈনিক

উত্তরঃ ঘ

◆ রিকশা শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী-২০১৪/ সমাজ সমবায়ের রাজস্ব অধিদপ্তরের পরিদর্শক-২০১৩/ সমাজ বিজ্ঞান (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১২/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সিনিয়র অফিসার নিয়োগ পরীক্ষা ২০১০/ [illegible] ভাষা]

'রিকশা' শব্দটি—[পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]

ক. পর্তুগীজ খ. ওলন্দাজ
গ. জাপানি ঘ. ফরাসি

উত্তরঃ গ

Download from www.bdniyog.com

MP3

www.bdniyog.com

'কার্তুজ' কোন ভাষার শব্দ? [ইবাহীম গুচ্ছ পরীক্ষার প্রার্থী ও বাংলাদেশ বিমান বাহিনীর সিভিলিয়ান কর্মচারীদের জন্য তত্ত্বাবধায়ক-২০১৩]

ক. ইংরেজি
খ. ফারসি
গ. জার্মান
ঘ. চীনা

উত্তরঃ

[Note :'কাতুজ' ফরাসি শব্দ?]

'হরতাল' শব্দটি কোন ভাষার? [সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষা ২০১৫/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৪/ ১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) --২০১৪/ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩/ ৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২/কৃষি তত্ত্বাবধায়ক ০৬/ বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক ০৪/ কৃষি অধিদপ্তরে অফিস সহকারী নিয়োগ: ০৩]

ক. ওলন্দাজ
খ. তুর্কি
গ. হিন্দী
ঘ. গুজরাটি

উত্তরঃ ঘ

'বারান্দা' কোন ভাষা থেকে আগত? [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]

ক. পর্তুগীজ
খ. ওলন্দাজ
গ. তুর্কি
ঘ. ইংরেজি

উত্তরঃ ক

'যাসনুযনা' কোন ভাষার শব্দ? [বাংলাদেশ শিক্ষক নিবন্ধন ০৯]

ক. পর্তুগিজ
খ. হিন্দী
গ. জাপানি
ঘ. ফরাসি

উত্তরঃ গ

'চকোলেট' কোন্ দেশের ভাষার শব্দ? [সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক পদের লিখিত পরীক্ষা-২০১৩/উপজেলা মহিলা কর্মকর্তা ০৫]

ক. অস্ট্রেলিয়া
খ. ইটালি
গ. জার্মানি
ঘ. মেক্সিকো

উত্তরঃ ঘ

'পানি' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে সহকারী পরিচালক পদের লিখিত পরীক্ষা ২০১২/ঢাকা ও সিলেট বিভাগে স্কুল ভ্যাকসিনেটর : ০৫/ কৃষি বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৩-০৪]

ক. [illegible]
খ. ফারসি
গ. হিন্দি
ঘ. আরবি

উত্তরঃ গ

'ঠান্ডা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? [জনতা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ০৫-০৬]

ক. হিন্দি
খ. ফারসি
গ. উর্দু
ঘ. সংস্কৃত

উত্তরঃ ক

'গাং' শব্দটি- [কৃষি অধিদপ্তরে সহকারী পরিচালক ০৩]

ক. হিন্দি
খ. কোরিয়ান
গ. তুর্কি
ঘ. জাপানি

উত্তরঃ ক

'চানাচুর' শব্দটি কোন ভাষা হতে এসেছে? [বিমান বাহিনীর সিভিলিয়ান নিয়োগ ০৬]

ক. হিন্দি
খ. উর্দু
গ. আরবি
ঘ. চীনা

উত্তরঃ ক

'রুইতন' শব্দটি কোন ভাষা থেকে আগত? [জনতা বিশ্ববিদ্যালয়ে সহকারী প্রকৌশলী ০৫]

ক. ইংরেজি
খ. তুর্কি
গ. চৈনিক
ঘ. ওলন্দাজ

উত্তরঃ ঘ

'হরতন' কোন ভাষার শব্দ? [চট্টগ্রাম কন্যাপক্ষ ৫ বৈদেশিক কর্মসংস্থান ব্যাংকের সহকারী পরিচালক ২০১২/ঢাকা ব্যাংক [illegible]]

ক. ওলন্দাজ
খ. ইংরেজি
গ. জাপানী
ঘ. হিন্দী

উত্তরঃ ক

Download from www.bdniyog.com

www.bdnijog.com

◆ 'লুঙ্গী' শব্দটি কোন ভাষা থেকে আগত? [ঢাকা সরকারী শিক্ষা অফিসার: ০৪]
ক. চীনা খ. বর্মী
গ. পর্তুগিজ ঘ. ফরাসি
উত্তর: খ

◆ 'কিন্ডার গার্ডেন' শব্দটি কোন ভাষা থেকে ইংরেজি ভাষায় এসেছে? [মাদ্রাসা বিভাগীয় সহকারী শিক্ষক পরীক্ষা-০৫]
ক. জার্মান খ. জাপানি
গ. পর্তুগিজ ঘ. সংস্কৃত
উত্তর: ক

◆ গ্রিক শব্দ কোনটি? [২৭তম বিসিএস / বিমানবন্দরের উপসহকারী পদের লিখিত পরীক্ষা ২০১২/বরিশাল পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক ২০১/ঢাকা টেলিফোনে অফিসার লিখিত পরীক্ষা: ০৬]
ক. তুফান খ. লুঙ্গী
গ. কৃশন ঘ. দাম
উত্তর: ঘ

◆ 'খানসামা রেস্তোরায় টাইমলি হাজির' এ বাক্যে আছে যথাক্রমে- [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ০৩]
ক. ফারসি, ফারসি, ইংরেজি ও আরবি শব্দ খ. আরবি, ফারসি, ইংরেজি ও ফরাসি শব্দ
গ. আরবি, ইংরেজি, ফারসি ও ফারসি শব্দ ঘ. ফারসি, ইংরেজি, ফরাসি ও আরবি শব্দ
উত্তর: ক

মিশ্র শব্দ : কোনো কোনো সময় দেশী ও বিদেশী শব্দের মিলনে শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে। যেমন-

রাজা-বাদশা (তৎসম+ফারসি), হাট-বাজার (বাংলা+ফারসি),
হেড-মৌলভী (ইংরেজি+ফারসি), হেড-পণ্ডিত (ইংরেজি+তৎসম),
খ্রিস্টাব্দ (ইংরেজি+তৎসম), মাস্টারমশাই (ইংরেজি+ তদ্ভব)
ডাক্তার-খানা (ইংরেজি+ফারসি), আইনজীবী (আরবি+তৎসম)
পকেটমার (ইংরেজি+বাংলা), চৌহদ্দি (ফারসি+আরবি),
শাকশবজি (তৎসম+ফারসি) শ্রমিকমালিক (তৎসম+ আরবি)
খ্রিস্টাব্দ (ইংরেজি + বাংলা)

উপসর্গ যোগে,
বেটাইম (ফারসি উপসর্গ + ইংরেজি) নিটল (বাংলা উপসর্গ + তৎসম)

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'চৌ-হদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দ মিলে রয়েছে? [২৬তম বিসিএস]
ক. বাংলা+ফারসি খ. সংস্কৃত+ফারসি
গ. ফারসি+আরবি ঘ. সংস্কৃত+আরবি
উত্তর: গ

◆ 'পকেটমার' শব্দটি কোন শ্রেণীর? [মাইন. ক্যাডার ও নন-ক্যাডার বিষয়ক মহালানবীশ সার-রেজিস্ট্রার-২০১২]
ক. তৎসম খ. দেশী
গ. বিদেশী ঘ. মিশ্র
উত্তর: ঘ

◆ কোনটি মিশ্র শব্দ? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১]
ক. চা-চিনি খ. চৌহদ্দি
গ. নামাজ-রোজা ঘ. স্কুল-কলেজ
উত্তর: খ

◆ 'বেটাইম' শব্দটি গঠিত হয়েছে --- [২৬তম বিসিএস]
ক. ফারসি ও ইংরেজি শব্দে খ. ফরাসি ও ইংরেজি শব্দে
গ. ফারসি ও ফরাসি শব্দে ঘ. ফারসি ও হিন্দি শব্দে
উত্তর: ক

◆ নিচের কোনটি মিশ্র শব্দ? [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. বেতার খ. হাট-বাজার
গ. হেড-মাস্টার ঘ. শাক সবজি
উত্তর: খ, ঘ

Download from www.bdnijog.com

www.bdniyog.com

♦ 'হাট-বাজার' কোন কোন ভাষার শব্দ নিয়ে গঠিত? [ঢাকা ও চট্টগ্রাম মেডিকেল কলেজ ভর্তি পরীক্ষা: ০৫]
ক. আরবি ও ফরাসি খ. বাংলা ও ফারসি
গ. আরবি ও বাংলা ঘ. বাংলা ও পর্তুগিজ
উত্তর: খ

♦ 'শাকসবজি' শব্দটি কোন দুইয়ের মিলন? [পরিবার কল্যাণ পরিদর্শিকা পুনর্নিয়োগ পরীক্ষা ২০১০/ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৩-০৪]
ক. তৎসম + ফারসি খ. তদ্ভব + ফরাসি
গ. দেশি + আরবি ঘ. পর্তুগিজ + আরবি
উত্তর: ক

♦ 'হেড মৌলভি' কোন কোন ভাষার শব্দযোগে গঠিত? [পরিবেশ অধিদপ্তরে সহকারী পরিচালক: ০৮]
ক. ইংরেজি+ ফার্সি খ. ইংরেজি + আরবি
গ. তুর্কী + আরবি ঘ. ইংরেজি + পর্তুগিজ
উত্তর: ক

♦ 'খ্রিস্টাব্দ' হচ্ছে- [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী ১১/ বেসরকারী শিক্ষা অফিসার : ০৫]
ক. তৎসম শব্দ খ. মিশ্র শব্দ
গ. অর্ধ-তৎসম শব্দ ঘ. বিদেশি শব্দ
উত্তর: খ

♦ কোনটি সংকর শব্দ? [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৭-০৮]
ক. গুরুমশাই খ. কালিকলম
গ. সান্ধ্যপ্রদীপ ঘ. আদবকায়দা
উত্তর: খ

♦ 'ডাক্তার বাবু' কোন শ্রেণীর শব্দ? [বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা: ০৫]
ক. মিশ্র খ. তদ্ভব
গ. অর্ধ-তৎসম ঘ. দেশী
উত্তর: ক

♦ নিচের কোনটি মিশ্র শব্দ নয়? [যোগাযোগ মন্ত্রণালয়ে প্রশাসনিক কর্মকর্তা: ০৮]
ক. ডাক্তারখানা খ. ফটোস্ট্যাট
গ. হাটবাজার ঘ. কালিকলম
উত্তর: খ

Download from www.bdniyog.com

www.bdnjyog.com

পদ

সংজ্ঞা ঃ বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দই এক একটি পদ।

বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুই পদ।

পদের প্রকারভেদ ঃ

পদগুলো প্রধানত দু'প্রকার ঃ সব্যয় পদ ও অব্যয় পদ।

সব্যয় পদ চার প্রকার ঃ ১. বিশেষ্য ২. বিশেষণ ৩. সর্বনাম ৪. ক্রিয়া।

সুতরাং পদ মোট পাঁচ প্রকার ঃ বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া এবং অব্যয়।



বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ "পুরস্কার-বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিষ্কার"।-বাক্যটির নিম্নরেখ পদ য/ ব্যবহারে-*[৩৫তম বি.সি.এস]*

ক. প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয় শুদ্ধ খ. প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ

গ. দুটোই অশুদ্ধ ঘ. দুটোই শুদ্ধ

উত্তরঃ গ

◆ 'পদ' বলতে কি বোঝায়? *(২০তম বিসিএস/ [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩]*

ক. কবিতার চরণ খ. যে কোন শব্দ

গ. প্রত্যয়ন্ত শব্দ বা ধাতু ঘ. বিভক্তিযুক্ত শব্দ ও ধাতু

উত্তরঃ ঘ

◆ বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলে-- *(১১তম বিসিএস /বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৩/ কর্মসংস্থান মন্ত্রালয়ে অধীনে সংস্থার যুগ্ম অফিসার ০৩)*

ক. শব্দ খ. কারক

গ. পদ ঘ. ক্রিয়াপদ

উত্তরঃ গ

বিশেষ্য ঃ বাক্যের মধ্যে ব্যবহৃত যে সমস্ত পদ দ্বারা কোনো ব্যক্তি, জাতি, সমষ্টি, বস্তু, স্থান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝানো হয়, তাদের বিশেষ্য পদ বলে।

◆ **বিশেষ্যের শ্রেণীবিভাগ** ঃ

বিশেষ্য পদ ছয় প্রকার ঃ



Download from www.bdnjyog.com

www.bdniyog.com

♦ সংজ্ঞা (বা নাম) বাচক বিশেষ্য ঃ যে পদ দ্বারা কোনো ব্যক্তি, ভৌগোলিক স্থান বা সংজ্ঞা এবং গ্রন্থ বিশেষের বিজ্ঞাপিত হয়, তাকে সংজ্ঞা (বা নাম) বাচক বিশেষ্য বলে। যথা-

- ব্যক্তির নাম ঃ জামিল, রুবেল, নাহিল, আমিনুল ।
- ভৌগোলিক স্থানের নাম ঃ বগুড়া, ঢাকা, প্যারিস, মক্কা ।
- ভৌগোলিক সংজ্ঞা ঃ (নদী, পর্বত, সমুদ্র ইত্যাদি) করতোয়া, হিমালয়, আরব সাগর ।
- গ্রন্থের নাম ঃ *কৃষ্ণকুমারী, অগ্নিবীণা, পথের দাবী, সঞ্চয়িতা, বিশ্বনবী* ।

♦ জাতিবাচক বিশেষ্য ঃ যে পদ দ্বারা কোনো এক জাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন-মানুষ, গরু, পাখি, পর্বত, নদী, ইংরেজ।

♦ বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য ঃ যে পদে কোনো উপাদানবাচক পদার্থের নাম বোঝায়, তাকে বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য বলে। এই জাতীয় বস্তুর সংখ্যা ও পরিমাণ নির্ণয় করা যায়। যথা-বই, খাতা, কলম, থালা, বাটি, মাটি, চাল, চিনি, লবণ, পানি।

♦ সমষ্টিবাচক বিশেষ্য ঃ যে পদে বেশ কিছু সংখ্যক ব্যক্তি বা প্রাণীর সমষ্টি বোঝায়, তা-ই সমষ্টিবাচক বিশেষ্য। যথা-সভা, জনতা, সমিতি, সমাজ, পঞ্চায়েত, মিছিল, ঝাঁক, বহর, দল।

♦ ভাববাচক বিশেষ্য ঃ যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যথা- যাওয়ার ভাব বা কাজ = গমন। তদ্রুপ ঃ ভোজন, শয়ন , দর্শন, দেখা, শোনা।

আবার ধাতুর বা প্রাতিপদিকের পর আই প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য গঠিত হয়।

√চড় + আই = চড়াই বড় + আই = বড়াই

♦ গুণবাচক বিশেষ্য ঃ যে বিশেষ্য দ্বারা কোনো বস্তুর দোষ বা গুণের নাম বোঝায়, তা-ই গুণবাচক বিশেষ্য। যথা ঃ মধুর মিষ্টত্বের গুণ = মধুরতা।

তদ্রুপ ঃ সৌরভ, স্বাস্থ্য, যৌবন, তারুণ্য, তারল্য, তিক্ততা, সুখ, দুঃখ, উৎকর্ষ ।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

♦ 'লবণ' শব্দের বিশেষ্য কোনটি? *[৩৫তম বি.সি.এস]*

ক. নোনতা খ. লবণাক্ত
গ. লাবণ্য ঘ. ললিত

উত্তর: ক

♦ গুণবাচক বিশেষ্য কোনটি ? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক ২০১৩]*

ক. বহর খ. মধুরতা
গ. সাহসী ঘ. দর্শন

উত্তর: গ

♦ 'লাজ' কোন ধরনের শব্দ? *[ব্যতিক্রম ২৪তম বিসিএস/পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা-২০১৪]*

ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. ক্রিয়া-বিশেষণ ঘ. বিশেষ্যের বিশেষণ

উত্তর: ক

♦ জাতিবাচক বিশেষ্যের দৃষ্টান্ত-- *(১৪তম বিসিএস/বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার -২০১৪/ছহ শিক্ষা নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিন অফিসার২০১১/ পশু অধিদপ্তর ১৯]*

ক. নয়াজ খ. পানি
গ. মিছিল ঘ. নদী

উত্তর: ঘ

Download from www.bdniyog.com

www.banijog.com

◆ বাংলা 'ধীর' শব্দটির বিশেষ্য রূপ কী? (পল্লী উন্নয়ন বোর্ড-এর যাচাই-২০১৪)
ক. ধৈর্য্য খ. ধীরতা
গ. ধীরস্থির ঘ. ধীরস্থিরতা
উত্তর: খ

◆ নিচের কোন শব্দটি বিশেষ্য? (পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী পরিচালক/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩)
ক. অশুদ্ধ খ. অধুনা
গ. আধুনিক ঘ. আরণ্য
উত্তর: খ

◆ বুদ্ধিমানের বিশেষ্য পদ কী? (পরিবার পরিকল্পনা অধিদপ্তর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১১)
ক. বুদ্ধি খ. বন্ধুত্ব
গ. বুদ্ধিমত্তা
উত্তর: ক ও গ

◆ নিচের কোনটি বিশেষ্য? (স্বাস্থ্য অধিদপ্তর স্বাস্থ্য সহকারী ২০১০/ প.ক.পরিদর্শিকা পুলিশপ্রার্থী নিয়োগ পরীক্ষা ২০১০)
ক. মধুর খ. স্নেহ
গ. সুতি
উত্তর: খ

◆ কোনটি গুণবাচক বিশেষ্য? (মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে গবেষণা কর্মকর্তা : ১৮)
ক. কিশোর খ. তারুণ্য
গ. রোগা ঘ. পাথুরে
উত্তর: খ

◆ ধাতুর পর কোন প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য বুঝায়? (১৮তম বিসিএস)
ক. আন খ. আই
গ. আল ঘ. আও
উত্তর: খ

◆ কোনগুলো বিশেষ্য পদের উদাহরণ? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, ঢাকা বিভাগ: ০২)
ক. সবুজ মাঠ, কালো মেঘ খ. টসটসে ফল, তকতকে মেঝে
গ. আমরা, তোমরা ঘ. আরব সাগর, বিশ্বনবী
উত্তর: ঘ

◆ 'উৎকর্ষ' হচ্ছে- (কৃষি অধিদপ্তর অধিদপ্তরের সহকারী পরিচালক (সহ-মৃত্তত্ত্ববিদ): ০৮)
ক. বিশেষণ খ. বিশেষণের বিশেষণ
গ. বিশেষ্যের বিশেষণ ঘ. বিশেষ্য
উত্তর: ঘ

◆ নিচের কোন শব্দটি বিশেষ্য? (প্রধানমন্ত্রীর কার্যালয়ে গবেষণাল অফিসার: ০৪)
ক. আধুনিক খ. অরণ্য
গ. অধুনা ঘ. বিশুদ্ধ
উত্তর: খ

◆ 'চালাক'- এর বিশেষ্য পদ কি? (দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিচালক: ০৪)
ক. চাতুর্য খ. চালাকী
গ. চতুরতা ঘ. চাতুরী
উত্তর: খ

◆ 'প্রচুর' এর বিশেষ্য রূপ- (সুন্দরবন কমলালয়ের বর্তমানে সহকারী পরিচালক: ০৫)
ক. প্রাচুর্য খ. প্রাচুর্য্য
গ. প্রাচুর্যতা ঘ. প্রাচুর্য্যতা
উত্তর: ক

◆ 'কাবুলী'-এর বিশেষ্য পদ কি? (সুন্দরবন কমলালয়ের উপসহকারী পরিচালক (সুন্দর): ০১)
ক. কাবুলীওয়ালা খ. কাবলু
গ. কাবলী ঘ. কাবুন
উত্তর: ক

◆ সুন্দর মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে। এই বাক্য সুন্দর শব্দটি কোন পদ? (জিলস্ব ১৯তম বিসিএস/ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী ২০১২)
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. সর্বনাম ঘ. বিশেষণের বিশেষণ
উত্তর: ক

Download from www.banijog.com

www.bdnijog.com

♦ 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে।' এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ? (যে কলেজে নবীন শিক্ষার্থী ভর্তি পরীক্ষা ২০১৩-১৪)
ক. বিশেষণ খ. সর্বনাম
গ. অব্যয় ঘ. বিশেষ্য
উত্তর: ঘ

♦ নিচের কোন বাক্যে 'ভালো' বিশেষ্য হিসেবে ব্যবহৃত হয়েছে? (যে কলেজে নবীন ভর্তি পরীক্ষা ২০১৩-১৪)
ক. অয়ন ভালো দৌড়াতে পারে খ. ভালো লোক সবার প্রিয়
গ. ভালো মানুষ কমই দেখা যায় ঘ. নিজের ভালো কে না চায়?
উত্তর: ঘ

♦ 'ভালো' কোন বাক্যে বিশেষ্য অর্থে ব্যবহৃত হয়েছে? (সরকারি কলেজে প্রভাষক নিয়োগ পরীক্ষা ২০১৩-১৪)
ক. ঘোড়াটি ভালো দৌড়াতে পারে খ. নিজের ভালো কে না চায়?
গ. ভালো, তাই হোক ঘ. ভালো খাবার সবার প্রিয়
উত্তর: খ

♦ 'ভালো নিজেকে জাহির করে না, অনেক সময়ই তাকে খুঁজে বের করতে হয়।'- এই বাক্যে 'ভালো' শব্দটি কোন পদ? (২০১৩ সালের মাধ্যমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা: ০৪)
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. সর্বনাম ঘ. অব্যয়
উত্তর: ক

■ বিশেষণ পদ ঃ যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে।

♦ বিশেষণের প্রকারভেদ ঃ



বিশেষণ দুভাবে বিভক্ত। যথা ঃ
ক. নাম বিশেষণ খ. ভাব বিশেষণ।

ক. নাম বিশেষণ ঃ যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যথা ঃ

- বিশেষ্যের বিশেষণ ঃ ধাতুর শেষে অন্ত প্রত্যয় যোগ করে গঠিত পদটি বিশেষ্যের বিশেষণ হয়। যেমন- √ চল্ + অন্ত = চলন্ত (বিশেষ্যের বিশেষণ)
  √ পড় + অন্ত = পড়ন্ত (বিশেষ্যের বিশেষণ)
- সর্বনামের বিশেষণ ঃ মেঘনা বড় নদী।
  এই আমি আর নই একা।

খ. ভাব বিশেষণঃ যে পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষিত করে তা-ই ভাব বিশেষণ।
ইংরেজি ব্যাকরণে ..... কে বাংলা ব্যাকরণে বলে ভাব বিশেষণ।

Download from www.bdnijog.com

www.bdniyog.com

ভাব বিশেষণ চার প্রকার ঃ
১. ক্রিয়া বিশেষণ
২. বিশেষণের বিশেষণ বা বিশেষণীয় বিশেষণ
৩. অব্যয়ের বিশেষণ
৪. বাক্যের বিশেষণ।

- **ক্রিয়া বিশেষণ ঃ** যে পদ ক্রিয়া সংগঠনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাই ক্রিয়া বিশেষণ। যথা- বাতাস ধীরে বইছে। সে খুব তাড়াতাড়ি হাটিল।

- **বিশেষণীয় বিশেষণঃ** যে পদ নাম-বিশেষণ অথবা ক্রিয়া বিশেষণকে বিশেষিত করে, তাকে বিশেষণীয় বিশেষণ বলে। যথা- সামান্য একটু দুধ দাও। অতিশয় মন্দ কথা।

- **অব্যয়ের বিশেষণ ঃ** যে ভাব-বিশেষণ অব্যয় পদ অথবা অব্যয় পদের অর্থকে বিশেষিত করে, তাকে অব্যয়ের বিশেষণ বলে। যথা- ধিক্ তারে, শত ধিক্ নির্লজ্জ যে জন।

- **বাক্যের বিশেষণ ঃ** কখনো কখনো কোনো বিশেষণ পদ একটি সম্পূর্ণ বাক্যকে বিশেষিত করতে পারে, তখন তাকে বাক্যের বিশেষণ বলা হয়। যেমন-
  দুর্ভাগ্যক্রমে দেশ আবার নানা সমস্যাজালে আবদ্ধ হয়ে পড়েছে।
  বাস্তবিকই আজ আমাদের কঠিন পরিশ্রমের প্রয়োজন।

- **বিশেষণের অতিশায়ন ঃ** বিশেষণ পদ যখন দুই বা ততোধিক বিশেষ্য পদের মধ্যে গুণ, অবস্থা, পরিমাণ প্রভৃতি বিষয়ে তুলনায় একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝিয়ে থাকে, তখন তাকে বিশেষণের অতিশায়ন বলে। যেমন-

  - **তৎসম শব্দের অতিশায়ন ঃ**
    - দুয়ের মধ্যে 'তর' এবং বহুর মধ্যে 'তম' প্রত্যয় যুক্ত হয়ে থাকে। যেমন-
      দীর্ঘ - দীর্ঘতর- দীর্ঘতম
    - দুয়ের মধ্যে তুলনায় 'ঈয়স্' প্রত্যয় এবং বহুর মধ্যে তুলনায় 'ইষ্ঠ' প্রত্যয় যুক্ত হয়।
      লঘু - লঘীয়ান- লঘিষ্ঠ বৃদ্ধ -জ্যায়ান-জ্যেষ্ঠ
      শ্রেয় - শ্রেয়ান -শ্রেষ্ঠ অল্প - কনীয়ান- কনিষ্ঠ

  - **বাংলা শব্দের অতিশায়ন ঃ**
    ক. **দুয়ের মধ্যে অতিশায়ন ঃ**
    - চাইতে চেয়ে, হইতে, হতে, অপেক্ষা, থেকে ইত্যাদি শব্দ ব্যবহৃত হয়। যথা-
      গরুর থেকে ঘোড়ার দাম বেশি। বাঘের চেয়ে সিংহ বলবান।
    - কখনো কখনো শব্দে ষষ্ঠী বিভক্তি - চেয়ে, থেকে প্রভৃতি শব্দের কার্যসাধন করে। যথা-
      এ মাটি সোনার বাড়া।
    - অতিশায়নে জোর দিতে বিশেষণের আগে অনেক, অধিক, বেশি, অল্প, কম, অধিকতর প্রভৃতি বিশেষণীয় বিশেষণ যোগ করতে হয়। যথা-
      ঘিয়ের চেয়ে দুধ বেশি উপকারী।

    খ. **বহুর মধ্যে অতিশায়ন ঃ**
    - সবচাইতে, সবচেয়ে, সবথেকে, সর্বাপেক্ষা, সর্বাধিক প্রভৃতি শব্দ ব্যবহার হয়। যথা-
      ভাইদের মধ্যে রাসেলই সবচাইতে [illegible]

Download from www.bdniyog.com

MP3

www.banijog.com

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

নিম্নের কোন পদটি বিশেষণ? [নৌপরিবহন, বিজ্ঞান ও প্রযুক্তি, মহিলা ও শিশুবিষয়ক, তথ্য, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, তুমি ও ঢাকা মহানগরের প্রশাসনিক কর্মকর্তা এবং বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী -২০১৩]

ক. দিগম্বর খ. যেহেতু
গ. দীন ঘ. যিনি

উত্তর: ক,গ

ব্যাখ্যা : 'দিগম্বর' এবং 'দীন' দুটি শব্দই বিশেষণ।

ইংরেজি ব্যাকরণের Adverb কে বাংলা ব্যাকরণে বলে-[৮ম বিসিএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা ২০১৩]

ক. নাম বিশেষণ খ. ভাব বিশেষণ
গ. সমুচ্চয়ী অব্যয় ঘ. নামপদ

উত্তর: খ

সন্তানের প্রতি মাতৃস্নেহ 'আন্তরিক' কোন পদ? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]

ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. ক্রিয়া ঘ. অব্যয়

উত্তর: খ

নিশীথ রাতে বাঁজছে বাঁশি -এখানে নিশীথ কোন পদ? [রাজশাহী নগর উন্নয়ন কর্তৃপক্ষে বিভিন্ন বিষয়ে নিয়োগ পরীক্ষা ২০১৩]

ক. ক্রিয়া বিশেষণ খ. বিশেষণ
গ. বিশেষ্যের বিশেষণ ঘ. ক্রিয়া
ঙ. অব্যয়

উত্তর:গ

'তিনটি বছর' - এখানে 'তিনটি' কোন পদ? (সোনালী ব্যাংক, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকে বিভিন্ন পদে]

ক. বিশেষণ খ. বিশেষ্য
গ. অব্যয় ঘ. ক্রিয়া
ঙ. কোনটিই নয়

উত্তর: ক

কোনটি বিশেষণ বাক্যের শব্দ? [১৫তম বিসিএস/ ঢাকা মহানগরের বিভিন্ন প্রশাসনিক কর্মকর্তা ০৪/ ৭ম বিসিএস/ পুর্ত বিভাগে পুর বিভাগ ৪]

ক. জীবন খ. জীবনী
গ. জীবিকা ঘ. জীবাণু

উত্তর: খ

'দহন' শব্দের বিশেষণ কোনটি? [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক: ০৬]

ক. দাহ্য খ. দগ্ধ
গ. দহনকারী ঘ. দহনীয়

উত্তর: ঘ

'ইচ্ছা' বিশেষ্যর বিশেষণটি নির্দেশ কর। [১৫তম বিসিএস/ যন্ত্র শিল্প নিয়ন্ত্রক ও নিরীক্ষক সার্কেলে বিভিন্ন পদে ২০১১/ পার্বত্য এ ইনফরমেশন অফিসারের সহকারী পরিচালক: ০৩]

ক. ইচ্ছাময় খ. ঐচ্ছিক
গ. ইচ্ছুক ঘ. অনিচ্ছা

উত্তর: খ

'সন্ধ্যা' শব্দের বিশেষণটি নির্দেশ করুন-[বিভিন্ন মন্ত্রণালয়ের বিভিন্ন (ফলাফল): ০৭/ উপজেলা পর্যায় কর্মকর্তা: ০৪]

ক. সাঁঝ খ. সন্ধ্যা
গ. সন্ধ্যা ঘ. সান্ধ্য

উত্তর: ঘ

ধাতুর শেষে অন্ত প্রত্যয় যোগ করলে কোন পদ গঠিত হয়? [দুটি নন ক্যাডার মন্ত্রণালয় পরিদপ্তর ০৪/ দুটি নন ক্যাডার পরিদপ্তর: ০৩]

ক. বিশেষ্য খ. অব্যয়
গ. বিশেষণ ঘ. ক্রিয়া

উত্তর: গ

যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে তাকে কি পদ বলে? [সোনালী ব্যাংক শিক্ষানবিশ কর্মকর্তা ২০১৩]

ক. ক্রিয়ার বিশেষণ খ. বিশেষ্যের বিশেষণ
গ. নাম বিশেষণ ঘ. সর্বনামের বিশেষণ

উত্তর: গ

Downloaded from www.banijog.com

www.badiyog.com

◆ যে পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষিত করে তাকে বলে- (ফার্মাসিস্ট বিদ্যালয় সহকারী শিক্ষক)
ক. নাম বিশেষণ খ. ভাব বিশেষণ
গ. ক্রিয়া বিশেষণ ঘ. বিশেষণের বিশেষণ উত্তরঃ খ

◆ ক্রিয়া বিশেষণের উদাহরণ আছে কোন বাক্যে? (জব নিউজ বুকলেট: ০৪)
ক. বসন্তের আরামদায়ক বায়ু প্রবাহে সকলেই পুলকিত
খ. সে খুব তাড়াতাড়ি হাটিল
গ. সমুদ্র সৈকতে জলপ্রবাহের প্রবল গর্জন শোনা গেল
ঘ. সেদিন অত্যন্ত চমৎকার কথা শুনিলাম উত্তরঃ খ

◆ যে পদে বাক্যের ক্রিয়াপদটির গুণ, প্রকৃতি, তীব্রতা ইত্যাদি প্রকৃতিগত অবস্থা বোঝায়, তাকে বলা হয়- (২৩তম বিসিএস)
ক. ক্রিয়াবাচক বিশেষ্য খ. ক্রিয়াবিশেষণ
গ. ক্রিয়াবিশেষ্যজাত ঘ. ক্রিয়াবিভক্তি উত্তরঃ খ

◆ কোনটি বিশেষণের বিশেষণ? (ফার্মাসিস্ট বিদ্যালয় সহকারী শিক্ষক: ০)
ক. এই আমি আর নই একা খ. বাতাস ধীরে বইছে
গ. অতিশয় মন্দ কথা ঘ. মেঘনা বড় নদী উত্তরঃ গ

◆ 'এ মাটি সোনার বাড়া'- এ উদ্ধৃতিতে 'সোনা' কোন অর্থে ব্যবহার করা হয়েছে? (২১তম বিসিএস)
ক. বিশেষণের অতিশায়ন খ. রূপবাচক বিশেষ
গ. উপাদান বাচক বিশেষ ঘ. বিধেয় বিশেষণ উত্তরঃ ক

■ **সর্বনাম পদঃ** বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম পদ বলে।

◆ **সর্বনামের শ্রেণীবিভাগ ঃ**

বাংলা ভাষায় ব্যবহৃত সর্বনামসমূহকে নিম্নলিখিত কয়েকটি ভাগে ভাগ করা হয়ে থাকে।

- **ব্যক্তিবাচক বা পুরুষবাচকঃ** আমি, আমরা, তুমি, তোমরা, সে, তারা, তিনি, তাঁরা, এ,এরা।
- **আত্মবাচক ঃ** স্বয়ং, নিজে, খোদ, আপনি।
- **সামীপ্যবাচকঃ** এ,এই, এরা, ইহারা, ইনি ইত্যাদি।
- **দূরত্ববাচকঃ** ঐ, ঐসব, সব।
- **সাকল্যবাচক ঃ** সব, সকল, সমুদয়, তাবৎ।
- **প্রশ্নবাচক ঃ** কে, কি, কী, কোন, কাহার, কার, কিসে?
- **অনির্দিষ্টতাজ্ঞাপক ঃ** কোন, কেহ, কেউ, কিছু।
- **ব্যতিহারিক ঃ** আপনা আপনি, নিজে নিজে, আপসে, পরস্পর ইত্যাদি।
- **সংযোগজ্ঞাপক ঃ** যে, যিনি, যাঁরা, যারা, যাহারা ইত্যাদি।
- **অন্যাদিবাচক ঃ** অন্য, অপর, পর ইত্যাদি।

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'তুমি এতক্ষণ কী করেছ?'- এই বাক্যে 'কী' কোন পদ? (২৬তম বিসিএস)
ক. বিশেষণ খ. অব্যয়
গ. সর্বনাম ঘ. ক্রিয়া উত্তরঃ গ

◆ ব্যতিহারিক সর্বনাম কোনটি? (সহকারী শিক্ষক বাংলা: ২০১৩)
ক. ইহারা খ. যিনি
গ. নিজে নিজে ঘ. কেহ উত্তরঃ গ

Download from www.badiyog.com

MP3

♦ নিচের কোনটি সর্বনাম? [দ.ম. বোর্ড-২০১৫, চ.বো.-২০১৬]
ক. করিম খ. কী
গ. বালক

উত্তর: গ

www.bdniyog.com

■ **অব্যয় পদ** ঃ যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের/ বাক্যাংশের/ বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায়,তাকে অব্যয় পদ বলে। যেমন-ও, হাঁ, না, সুতরাং, এবং, উঃ।

- ϕ অব্যয় শব্দের সাথে কোনো বিভক্তিচিহ্ন যুক্ত হয় না।
- ϕ অব্যয় শব্দের এক বচন বা বহু বচন হয় না ।
- ϕ অব্যয় শব্দের স্ত্রী ও পুরুষবাচকতা নির্ণয় করা যায় না।

♦ বাংলা ভাষায় তিন প্রকার অব্যয় শব্দ রয়েছে। যথা-

- ϕ বাংলা অব্যয় শব্দ ঃ আর, আবার, ও হাঁ, না ইত্যাদি।
- ϕ তৎসম অব্যয় শব্দ ঃ এবং , সুতরাং, যদি, যথা, সদা, সহসা, হঠাৎ, অর্থাৎ, দৈবাৎ, বরং, পুনশ্চ, আপাতত, বস্তুত ইত্যাদি।
- ϕ বিদেশী অব্যয় শব্দ ঃ আলবত, বহুত, খুব, শাবাশ, খাসা, মাইরি, মারহাবা ইত্যাদি।

♦ **অব্যয়ের প্রকার ভেদ** ঃ

অব্যয় প্রধানত চার প্রকার ঃ

ক. সমুচ্চয়ী খ. অনুসর্গ বা পদান্বয়ী
গ. অনন্বয়ী ঘ. অনুকার বা ধ্বন্যাত্মক



♦ **সমুচ্চয়ী অব্যয়** ঃ যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চয়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে।

ϕ সংযোজক অব্যয় ঃ ও, এবং, তাই, আর, অধিকন্তু, সুতরাং ।
সে রূপবান ও গুণবান।

ϕ বিয়োজক অব্যয় ঃ কিংবা, বা, অথবা, নতুবা, না হয়, নয়তো, কিন্তু (ক্ষেত্রবিশেষে)।
লেখা পড়া কর, নতুবা ফেল করবে ।
মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন ।

ϕ সংকোচক অব্যয় ঃ অথচ, কিন্তু, বরং ।
তিনি বিদ্বান অথচ সৎ ব্যক্তি নন।
লোকটি দরিদ্র কিন্তু সৎ ।

Download from www.bdniyog.com

www.bdniyog.com

- **অনন্বয়ী অব্যয় :** যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীন ভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন
  - ϕ উচ্ছ্বাস প্রকাশে : মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ!
  - ϕ স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে : হ্যাঁ, আমি যাব। না, আমি যাব না।
  - ϕ সম্মতি প্রকাশে : আমি আজ অবশ্যই যাব। নিশ্চয়ই পারব।
  - ϕ অনুমোচন বাচকতায় : আপনি যখন বলছেন, বেশ তো আমি যাব।
  - ϕ সমর্থন সূচক জবাবে : আপনি যা জানেন তা তো ঠিকই বটে।
  - ϕ যন্ত্রণা প্রকাশে : উঃ! পায়ে বড্ড লেগেছে। নাঃ! এ কষ্ট অসহ্য।
  - ϕ ঘৃণা বা বিরক্তি প্রকাশে : 'ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ'!
  - ϕ সম্বোধনে : 'ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।'
  - ϕ সম্ভাবনায় : 'সংশয়ে সংকল্প সদা টলে, পাছে লোকে কিছু বলে।'
  - ϕ বাক্যালংকার অব্যয় : কয়েকটি অব্যয় শব্দ নিরর্থক ভাবে ব্যবহৃত হয়ে বাক্যের শোভাবর্ধন করে, এদের বাক্যালংকার অব্যয় বলে। যেমন

    'হায়রে ভাগ্য, হায়রে লজ্জা, কোথায় সভা, কোথায় সজ্জা।'

- **অনুসর্গ অব্যয় :** যে সকল অব্যয় শব্দ বিশেষ্য ও সর্বনাম পদের বিভক্তির ন্যায় বসে কারকবাচকতা প্রকাশ করে, তাদের অনুসর্গ অব্যয় বলে।

  যথা: ওকে দিয়ে এ কাজ হবে না।
  ধন অপেক্ষা মান বড়।

- **অনুকার/ ধ্বন্যাত্মক অব্যয় :** যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বনাত্মক অব্যয় বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি দ্বারা বহুত্ব, আধিক্য ইত্যাদি বোঝায়। যথা-
  - ϕ মানুষের ধ্বনির অনুকার : ভেউ ভেউ (মানুষের উচ্চস্বরে কান্নার ধ্বনি), ট্যা ট্যা, হি হি।

ϕ জীবজন্তুর ধ্বনির অনুকার :

কুহু কুহু (কোকিলের রব)	কা কা (কাকের ডাক)
কিচির মিচির (পাখির/বানরের শব্দ)	গর গর (সিংহের গর্জন)
ঘেউ ঘেউ (কুকুরের ধ্বনি)	মিউ মিউ (বিড়ালের ডাক)
চিঁহি চিঁহি (ঘোড়ার ডাক)	

ϕ বস্তুর ধ্বনির অনুকার :

কল কল (স্রোতের ধ্বনি)	কড় কড় (বজ্রের ধ্বনি)
গুড় গুড় (মেঘের গর্জন)	ঘচাঘচ (ধান কাটার শব্দ)
ঝম ঝম (তুমুল বৃষ্টি পড়ার শব্দ)	ঝুম ঝুম (নুপুরের আওয়াজ)
টুং টাং (ছুড়ির শব্দ)	মড় মড় (গাছ ভেঙে পড়ার শব্দ)
মর মর (শুষ্ক পাতার শব্দ)	শন শন (বাতাসের গতি)
হু হু (বাতাস প্রবাহের শব্দ)	টাপুর টুপুর (বৃষ্টি পতনের শব্দ)
এরূপ-. ঢং ঢং।	

ϕ অনুভূতিজাত কাল্পনিক :

কুট কুট (শারীরিক অস্বস্তির ভাবজ্ঞাপক)	ঝাঁ ঝাঁ (শূন্যতাবাচক)
ঝিকিমিকি (ঔজ্জ্বল্য)	ঝাঁ ঝাঁ (প্রখরভাবাচক)

Download from www.bdniyog.com

MP3

www.bdniyog.com

একরূপ - কট কট, কচকচ, খট খট, চক চক, ঝি ঝি , ঝাঁ ঝাঁ, ঝিম ঝিম, ঝল মল, টল মল, টন টন, পিট পিট , মিন মিন, সাঁ সাঁ ইত্যাদি।

একই অব্যয় পদের বিভিন্ন অর্থে ব্যবহার ঃ

ϕ কী/ কি ঃ

জিজ্ঞাসায়	ঃ	তুমি কি বাড়ি যাচ্ছ? তুমি কি আমায় চেন?
বিরক্তি প্রকাশে	ঃ	কী বিপদ! ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে।
সাকল্য অর্থে	ঃ	কি আমীর কি ফকির, একদিন সকলকেই মরতে হবে।

ϕ না

নিষেধ অর্থে	ঃ	এখন যেও না ।
হ্যা-সূচক	ঃ	তুমি না বলেছিলে আগামীকাল আসবে?
সম্ভাবনা প্রকাশে	ঃ	তিনি না কি ঢাকা যাবেন।
বিস্ময় প্রকাশে	ঃ	কি করেই না দিন কাটাচ্ছ !
ক্রোধ প্রকাশে	ঃ	তুই কি কাজ করবি, না মার খাবি?

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়ের উদাহরণ? *[পরিবেশ অধিদপ্তরের পরিচালক ২০১৩]*

ক. হ্যাঁ আমি যাব
খ. যথা ধর্ম তথা জয়
গ. আবার যেতে হবে
ঘ. অতি ভক্তি চোরের লক্ষণ

উত্তর: খ

"যত গর্জে তত বর্ষে না।" বাক্যটিতে 'যত-তত' অব্যয়ের ব্যবহার কোন অর্থে? *[দায়রা জজ আদালত সমূহে বাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক ২০১৩/পরিবার পরিকল্পনা অধিদপ্তর অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১১]*

ক. পরিণাম
খ. তুলনা
গ. বৈপরীত্য

উত্তর: ক

নিচের কোনটি একটি অব্যয় পদ? *[বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন সহকারী ব্যবস্থাপক ২০১৩]*

ক. উঃ
খ. দেখ
গ. জুতা
ঘ. দামী
ঙ. কোনোটিই নয়

উত্তর: ক

কোন বাক্যে সমুচ্চয়ী অব্যয় ব্যবহৃত হয়েছে? *[১০তম বিসিএস/দুর্নীতি দমন ব্যুরো পরিদর্শক ১২]*

ক. ধন অপেক্ষা মান বড়
খ. তোমাকে দিয়ে কিছু হবে না
গ. ঢং ঢং ঘন্টা বাজে
ঘ. লেখা পড়া কর, নতুবা ফেল করবে

উত্তর: ঘ

'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।' এখানে 'কিংবা' অব্যয়টি কোন অব্যয়? *[মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সহকারী পরিচালক পদের পরিক্ষা: ১৮]*

ক. অনুকার অব্যয়
খ. বিয়োজক অব্যয়
গ. সমুচ্চয়ী অব্যয়
ঘ. সংযোজক অব্যয়

উত্তর: খ

'লোকটি দরিদ্র কিন্তু সৎ' এই বাক্যে 'কিন্তু' হলো *[পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর সহকারী পরিচালক]*

ক. বিয়োজক অব্যয়
খ. সংযোজক অব্যয়
গ. সংকোচক অব্যয়
ঘ. বিস্ময়াদিসূচক অব্যয়

উত্তর: গ

'মরি মরি! কি সুন্দর প্রভাতের রূপ' বাক্যে 'মরিমরি' কোন শ্রেণীর অব্যয়? *[১৯তম বিসিএস]*

ক. সমন্বয়ী
খ. অনন্বয়ী
গ. পদান্বয়ী
ঘ. অনুকার

উত্তর: খ

Download from www.bdniyog.com

www.banlyog.com

◆ "মরি মরি, কি সুন্দর প্রভাতের রূপ"- এখানে অনুসর্গী অব্যয়ে কি প্রকাশ পেয়েছে? (জেলা প্রশাসক নিয়োগ'০৯)
ক. যন্ত্রণা খ. বিরক্তি
গ. সম্মতি ঘ. উচ্ছ্বাস
উত্তর: খ

◆ কোন বাক্যে ধ্বনাত্মক শব্দ আছে? (ধানা নির্বাচন কর্মকর্তা'০৪)
ক. চিলটি সাঁ সাঁ করে উড়িয়া গেল খ. লোকটি তীরবেগে চলিয়া গেল
গ. আকাশে তো আমি রাখি নাই উড়িবার ইতিহাস
ঘ. সে প্রায় চিৎকার করে কথা বলল
উত্তর: ক

◆ বাংলা ব্যাকরণ কোন পদে সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানে না? (১ম শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগ ও ব্যাংক পরীক্ষা (চুল/সমমর্যাদা)-২০১৪)
ক. বিশেষণ খ. অব্যয়
গ. সর্বনাম ঘ. বিশেষ্য
উত্তর: খ

◆ 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান'- এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ? (২০১৫ বিসিএস)
ক. অবস্থাবাচক শব্দ খ. বাক্যালঙ্কার শব্দ
গ. ধ্বন্যাত্মক শব্দ ঘ. দ্বিরুক্ত শব্দ
উত্তর: গ

◆ বৃষ্টি পড়ে টাপুর টুপুর। -এখানে 'টাপুর টুপুর' কোন পদের দ্বিরুক্তি?
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. ক্রিয়া ঘ. অব্যয়
উত্তর: ঘ

◆ শারীরিক অস্বস্তির ভাবদ্যোতক দ্বিরুক্ত শব্দ- (পদস্থ কর্মকর্তা নিয়োগের লিখিত পরীক্ষা ০৭)
ক. দরদর খ. করকর
গ. কুটকুট ঘ. খুটখুট
উত্তর: গ

◆ না কোন্ জাতীয় শব্দ? (সহকারী শিক্ষক নিয়োগ বিধিমালার উপজেলা পর্যায়ের প্রার্থীদের ২০১০/সমাজসেবা কর্মকর্তা পদের সংক্ষিপ্ত লিখিত পরীক্ষা (ঢাকা জেলা ০৮/ উপজেলা মহিলা কর্মকর্তা ০৫)
ক. অব্যয় খ. সর্বনাম
গ. ক্রিয়া ঘ. মহাকাব্য
উত্তর: ক

◆ তুমি না বলেছিলে আগামীকাল আসবে?- এখানে 'না'-এর ব্যবহার কি অর্থে? (২০১৫ বিসিএস)
ক. না-বাচক খ. হ্যাঁ-বাচক
গ. প্রশ্নবোধক ঘ. বিস্ময়সূচক
উত্তর: খ

◆ 'তুমি কি আমায় চেন'? বাক্যটিতে 'কি'-এর ব্যাকরণগত পরিচয়-(বিসিএস পূর্বাভাস ও বাংলা প্রথম পত্র প্রশ্নের মডেল বিশ্লেষণ পরীক্ষা'০৩)
ক. প্রশ্নবোধক শব্দ খ. বিশেষণ
গ. অব্যয় ঘ. কারক নির্দেশক
উত্তর: গ

◆ 'ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ'! এই বাক্যের 'কী' এর অর্থ - (২০১৫ বিসিএস সমাজসেবা অফিসার্স সমাজসেবা অফিসার; ০৮)
ক. ভয় খ. রাগ
গ. বিরক্তি ঘ. বিপদ
উত্তর: ঘ

◆ 'তুই কি কাজ করবি, না মার খাবি?-এই বাক্যের 'কি' অব্যয়ের ব্যবহার হয়েছে- (পদস্থ কর্মকর্তা নিয়োগ লিখিত পরীক্ষা; ০১)
ক. প্রশ্ন জিজ্ঞাসা খ. শাসন করায়
গ. বিরক্তি প্রকাশে ঘ. ক্রোধ প্রকাশে
উত্তর: ঘ

Download from www.banlyog.com

www.bdniyog.com

◆ তাকেও আসতে বলেছি এই বাক্যের 'ও' অব্যয় পদটি কি অর্থে ব্যবহৃত হয়েছে? (সৃজনশীল প্রশ্নের ব্যাখ্যা দেখ)
ক. নির্দেশ অর্থে খ. স্বীকৃতি জ্ঞাপনে
গ. বিকল্প প্রকাশে ঘ. অনুরোধে
উত্তরঃ খ

◆ দ্বারা, দিয়া, হইতে, থেকে- এগুলিকে বলে- (বহু পদদ্বয়ের সমতুল্য পদসমূহ)
ক. অব্যয় খ. উপসর্গ
গ. অনুসর্গ অব্যয় ঘ. অনন্বয়ী অব্যয়
উত্তরঃ গ

ক্রিয়াপদ ঃ যে পদ দ্বারা কোন কার্য সম্পাদন করা বুঝায়, তাকে ক্রিয়াপদ বলে।
জন বই পড়ছে । ছেলেটা কথা শোনে।

ক্রিয়াপদের বৈশিষ্ট্য ঃ
- বাক্য গঠনের জন্য ক্রিয়াপদ অপরিহার্য ।
- কখনো কখনো বাক্যে উহ্য বা অনুক্ত থাকতে পারে । একে অনুক্ত ক্রিয়াপদ বলে।
  ইনি আমার বোন = ইনি আমার বোন (হন)।
  আজ প্রচণ্ড শীত = আজ প্রচণ্ড শীত (অনুভূত হয়)।

ক্রিয়ার প্রকাভেদ ঃ



াব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদকে দুভাগে ভাগ করা যায়।
ক. সমাপিকা ক্রিয়া খ. অসমাপিকা ক্রিয়া।

মাপিকা ক্রিয়া ঃ যে ক্রিয়াপদ দ্বারা বাক্যের (মনোভাবের) পরিসমাপ্তি জ্ঞাপিত হয়, তাকে মাপিকা ক্রিয়া বলে। বাক্য সম্পন্ন করতে হলে সমাপিকা ক্রিয়া অবশ্যই থাকতে হবে।
যমন- আমি ভাত খাচ্ছি ।

অসমাপিকা ক্রিয়া ঃ যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, াকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন-
আমি ভাত খেয়ে ----------
খানে 'খেয়ে' ক্রিয়াপদ দ্বারা কথা শেষ হয়নি; কথা সম্পূর্ণ হতে আরও শব্দের প্রয়োজন।
াক্যটি সম্পূর্ণ করলে দাঁড়াবে- আমি ভাত খেয়ে চলে যাব ।
খানে 'খেয়ে' অসমাপিকা ক্রিয়া আর 'যাব' সমাপিকা ক্রিয়া ।

Download from www.bdniyog.com

www.bdniyog.com

বিবিধ অর্থে ক্রিয়াপদের শ্রেণিভাগ ঃ

• **সকর্মক ক্রিয়া ঃ** যে ক্রিয়ার কর্ম পদ আছে তা-ই সকর্মক ক্রিয়া। ক্রিয়ার সাথে কী বা কাকে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই ক্রিয়ার কর্মপদ। কর্মপদযুক্ত ক্রিয়াই সকর্মক ক্রিয়া। যেমন-

বাবা আমাকে একটি কলম কিনে দিয়েছেন।

প্রশ্ন ঃ কী দিয়েছেন? উত্তর ঃ কলম (কর্মপদ)।

প্রশ্ন ঃ কাকে দিয়েছেন? উত্তর ঃ আমাকে (কর্মপদ)।

কাজেই 'দিয়েছেন' ক্রিয়াপদটির কর্ম পদ থাকায় এটি সকর্মক ক্রিয়া।

• **অকর্মক ক্রিয়া ঃ** যে ক্রিয়ার কর্ম নেই, তা অকর্মক ক্রিয়া। যেমন-মেয়েটি হাসে।

কী 'হাসে' বা 'কাকে হাসে' প্রশ্ন করলে কোনো উত্তর হয় না।

কাজেই 'হাসে' ক্রিয়াটি অকর্মক ক্রিয়া।

• **দ্বিকর্মক ক্রিয়া ঃ** যে ক্রিয়ার দুটো কর্মপদ থাকে, তাকে দ্বিকর্মক ক্রিয়া বলে। দ্বিকর্মক ক্রিয়ার বস্তুবাচক কর্ম পদটিকে মুখ্য বা প্রধান কর্ম এবং ব্যক্তিবাচক কর্ম পদটিকে গৌণ কর্ম বলে।

বাবা আমাকে একটি কলম দিয়েছেন।

বাক্যে 'কলম' (বস্তু) মুখ্যকর্ম এবং 'আমাকে' (ব্যক্তি) গৌণ কর্ম।

• **সমধাতুজ কর্ম ঃ** বাক্যের ক্রিয়া ও কর্ম পদ একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে সমধাতুজ কর্ম বা ধাতুর্থক কর্মপদ বলে।

যেমন- আর কত খেলা খেলবে।

√খেল্ + আ = খেলা (কর্মপদ) √খেল্ + বে = খেলা (ক্রিয়াপদ)

তাই 'খেলা' পদটি সমধাতুজ বা ধাতুর্থক কর্ম।

একইভাবেঃ বেশ এক ঘুম ঘুমিয়েছি।

সে খুব ভাল চাল চেলেছে ।

তোমার পরিশ্রমের ফল ফলেছে ।

• **মিশ্র ক্রিয়া ঃ** বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর্, হ্, দে, পা, যা, কাট্, গা, ছাড়, ধর্, মার্ প্রভৃতি ধাতুযোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে। যেমন-

বিশেষ্যের পরে ঃ আমরা তাজমহল দর্শন করলাম। ছেলেটি গোল্লায় গেছে।

বিশেষণের পরে ঃ তোমাকে দেখে বিশেষ প্রীত হলাম।

ধ্বন্যাত্মক অব্যয়ের পরে ঃ মাথা ঝিম ঝিম করছে। ঝম্ ঝম্ করে বৃষ্টি পড়ছে।

• **যৌগিক ক্রিয়া ঃ** একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে, তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন -

তাগিদ দেওয়া অর্থে ঃ ঘটনাটা শুনে রাখ।

নিরন্তরতা অর্থে ঃ তিনি বলতে লাগলেন।

কার্যসমাপ্তি অর্থে ঃ ছেলে মেয়েরা শুয়ে পড়ল।

আকস্মিকতা অর্থে ঃ সাইরেন বেজে উঠল।

অভ্যস্ততা অর্থে ঃ শিক্ষায় মন সংস্করমুক্ত হয়ে থাকে।

অনুমোদন অর্থে ঃ এখন যেতে পার।

• **প্রযোজক ক্রিয়া ঃ** যে ক্রিয়া এক জনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই

Download from www.bdniyog.com

www.bdnijog.com

প্রযোজ্য কর্তা ঃ যাকে দিয়ে ক্রিয়াটি অনুষ্ঠিত হয়, তাকে প্রযোজ্য কর্তা বলে। যেমন

প্রযোজক কর্তা	প্রযোজ্য কর্তা	প্রযোজক ক্রিয়া
মা	শিশুকে	চাঁদ দেখাচ্ছেন।
সাপুড়ে	সাপ	খেলায়।

ধাতু ঃ ক্রিয়ার মূলকে বলা হয় ধাতু।



মৌলিক ধাতু ঃ যে ধাতুকে আর বিশ্লেষণ করা যায় না , তাকে মৌলিক বা সিদ্ধ ধাতু বলে। যেমন ঃ √ কর, √ পড়, √চল্ ।

সাধিত ধাতু ঃ ধাতু বা নাম শব্দের সঙ্গে প্রত্যয় যুক্ত হয়ে যে ধাতু গঠিত হয়, তাকে সাধিত ধাতু বলে। সাধিত ধাতু তিন প্রকার ঃ

- নামধাতু ঃ বিশেষ্য, বিশেষণ এবং ধ্বন্যাত্মক অব্যয়ের পরে 'আ' প্রত্যয়যোগে যে সব ধাতু গঠিত হয়, সেগুলোকে নামধাতু বলা হয়।
  - বেত (বিশেষ্য) + আ (প্রত্যয়)=√বেতা (নামধাতু)। যথা- শিক্ষক ছাত্রটিকে বেতাচ্ছেন।
  - বাঁকা(বিশেষণ) + আ (প্রত্যয়) = √ বাঁকা (নামধাতু)। যথা-কঞ্চিটি বাঁকিয়ে ধর।

প্রযোজ্য/ ণিজন্ত ধাতু ঃ মৌলিক ধাতুর প্রেরণার্থ (অপরকে নিয়োজিত করা অর্থে) আ প্রত্যয় যোগ করে প্রযোজ্য/ ণিজন্ত ধাতু গঠিত হয়। যেমন-

√ কর্ + আ = √ যথা- করা । যথা- তিনি নিজে করেন না, অন্যকে দিয়ে করান ।

√ পড়্ + আ = √ পড়া । যথা- তিনি ছেলেকে পড়াচ্ছেন ।

কর্মবাচ্য ধাতু ঃ মৌলিক ধাতুর সঙ্গে আ প্রত্যয় যোগ করে কর্মবাচ্যের ধাতু সাধিত হয়। এটি বাক্যমধ্যস্থিত কর্মপদের অনুসারী ক্রিয়ার ধাতু । যেমন-

√দেখ + আ = √দেখা (কর্মবাচ্যের ধাতু)। যথা- কাজটি ভাল দেখায় না।

√হার + আ = √হারা (কর্মবাচ্যের ধাতু)। যথা- যা কিছু হারায় গিন্নী বলেন , কেষ্টা বেটাই চোর ।

কর্মবাচ্য ধাতুকে প্রযোজ্য/ ণিজন্ত ধাতুর অন্তর্ভুক্ত ধরা হয়।

যোগমলক / যৌগিক ধাতু ঃ বিশেষ্য, বিশেষণ এবং ধ্বন্যাত্মক অব্যয়ের পরে কর্, দে, পা, খা, ড় ইত্যাদি মৌলিক ধাতু যুক্ত হয়ে যে নতুন ধাতু গঠিত হয়, সেগুলোকে সংযোগমলক / যৌগিক তু বলা হয়। যেমন-

যোগ (বিশেষ্য) + √ কর = যোগ কর (যৌগিক ধাতু)। যথা- দুয়ের সাথে তিন যোগ কর ।

াবধান (বিশেষ্য) + √হ = সাবধান হ (যৌগিক ধাতু)। যথা- এখনও সময় আছে, সাবধান হই।

Download from www.bdnijog.com

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

www.boiRboi.blogspot.com

◆ ক্রিয়াপদ-- (২য় বিভাগ)
ক. সবসময়ে বাক্যে থাকবে
খ. কখনো কখনো বাক্যে উহ্য থাকতে পারে
গ. আসলে বিশেষণ থেকে অভিন্ন
ঘ. শুধু অতীতকাল বোঝাতে বাক্যে ব্যবহৃত হয়
উত্তরঃ খ

◆ ক্রিয়াপদের মূল অংশ-কে কি বলে? [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩]

অথবা,

ক্রিয়ার মূল উপাদান কি? [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩]

অথবা,

ক্রিয়ার মূলকে বলে- [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার -২০১৩]
ক. ঈদ খ. ধ্বনি
গ. ধাতু ঘ. শব্দ
উত্তরঃ গ

◆ বাংলা ব্যাকরণের নিয়মানুসারে কোন পদ ছাড়া বাক্য গঠন করা যায় না? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১৩]
ক. বিশেষ্য পদ খ. ক্রিয়া পদ
গ. বিশেষণ পদ ঘ. সর্বনাম পদ
উত্তরঃ খ

◆ কোন ধাতুগুলো মূলত এক? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৩]
ক. সমধাতু ও প্রযোজক ধাতু
খ. প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু
গ. কর্মবাচ্যের ধাতু ও সংযোগমূলক ধাতু
ঘ. সংযোগমূলক ধাতু ও সাধিত ধাতু
উত্তরঃ খ

◆ বাক্য গঠনের অপরিহার্য অঙ্গ কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা ২০১২]
ক. বিশেষ্য খ. সর্বনাম
গ. ক্রিয়া ঘ. অব্যয়
উত্তরঃ গ

◆ "বাবা বাড়ি নেই।" এ বাক্যে 'নেই' কোন পদ? (সহকারী থানা শিক্ষা অফিসার: ০৫)
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. সর্বনাম ঘ. ক্রিয়া
উত্তরঃ ঘ

◆ কোন বাক্যে যে ক্রিয়াপদ অসমাপ্ত থাকে, তাকে কি ধরনের ক্রিয়াপদ বলে? (কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর ০৩)
ক. সমাপিকা ক্রিয়া খ. অর্ধ-সমাপিকা ক্রিয়া
গ. অসমাপিকা ক্রিয়া ঘ. অর্ধ-অসমাপিকা ক্রিয়া
উত্তরঃ গ

◆ অসমাপিকা ক্রিয়া দ্বারা গঠিত বাক্যে কয় প্রকার কর্তা দেখা যায়? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের দপ্তরের সহকারী কর্মকর্তা: ১৮]
ক. এক প্রকার খ. দু'প্রকার
গ. তিন প্রকার ঘ. চার প্রকার
উত্তরঃ খ

◆ বাক্যে সমাপিকা ক্রিয়াপদ কোথায় বসে? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক-২০১৩]
ক. শেষে খ. প্রথমে
গ. কর্মের আগে ঘ. অব্যয় পদের পরে
উত্তরঃ ক

◆ কোন বাক্যে অসমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়েছে? [৩য় বিভাগের ক্লার্ক পদের পরীক্ষা: ১২]

Download from www.boiRboi.blogspot.com

www.boiyog.com

কোন বাক্যে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার নেই? (সেনা নিদর্শনের সহকারী পরিচালক: ০৪)
ক. তাকে বলতে দাও
খ. তুমি বল, আমি শুনি
গ. আমরা বাঁচতে চাই
ঘ. সে দেখতে লাগলো
উত্তরঃ খ

উৎপত্তির দিক থেকে ক্রিয়াপদ কোন দুভাগে বিভক্ত? (গবেষণা কলেজের সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ০১)
ক. অকর্মক ও সকর্মক
খ. প্রত্যয়হীন ও প্রত্যয়ান্ত
গ. ধাতু ও তদ্ধিত
ঘ. মৌলিক ও কৃদন্ত
উত্তরঃ ঘ

ধাতু কয় প্রকার? (বাংলাদেশ টেলিভিশনের মিডিয়েশন রিসার্চ অফিসার: ০৬)
ক. এক
খ. দুই
গ. তিন
ঘ. চার
উত্তরঃ গ

কোনটি বাংলা ধাতু? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫/বাংলাদেশ টেলিভিশনের মিডিয়েশন রিসার্চ অফিসার: ০৮)
ক. কাট্
খ. কৃ
গ. মাগ্
ঘ. গম্
উত্তরঃ ক

যে ধাতু বিশ্লেষণ করা যায় না, তাকে বলা হয়- (বিমানবন্দরের অধিদপ্তরের সহকারী ব্যবস্থাপক: ০৫)
ক. সাধিত ধাতু
খ. মৌলিক ধাতু
গ. যৌগিক ধাতু
ঘ. সংযোগমূলক ধাতু
উত্তরঃ খ

কোন বাক্যটিতে সমাতুজ কর্ম আছে? (১ম বিসিএস)
ক. সেই বই পড়ছে
খ. সে গভীর চিন্তায় মগ্ন
গ. সে ঘুমিয়ে আছে
ঘ. সে যে চাল চেলেছে তাতে তাকে ষড়যন্ত্রকারী ছাড়া আর কিছু বলা যায় না
উত্তরঃ ঘ

কোন বাক্যে সমধাতুজ কর্ম আছে? (জেলা দলিল লেখক অফিসার: ১৫)
ক. সে পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম হয়েছে
খ. সে চট্টগ্রাম গিয়েছে
গ. সে বিজ্ঞানের একটি সমস্যা নিয়ে ভাবছে
ঘ. সে খুব আরামের ঘুম ঘুমিয়েছে
উত্তরঃ ঘ

একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে, তবে তাকে কোন ক্রিয়া বলে? (সহকারী জেলা পরিষদ পরিচালক অফিসার ১৮)
ক. মিশ্র ক্রিয়া
খ. যৌগিক ক্রিয়া
গ. দ্বিকর্মক ক্রিয়া
ঘ. প্রযোজক ক্রিয়া
উত্তরঃ খ

যৌগিক ক্রিয়ার গঠন হয় নিম্নরূপ- (গবেষণা কলেজের সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ০১)
ক. এক বা একাধিক সমাপিকা ও অসমাপিকার মিশ্র গঠনে
খ. দুটি সমাপিকার গঠনে
গ. [illegible] ক্রিয়াযোগে
ঘ. [illegible] ক্রিয়াযোগে
উত্তরঃ ক

কোন বাক্যে যৌগিক ক্রিয়ার উদাহরণ নেই? (গবেষণা কলেজের প্রশাসনিক কর্মকর্তা: ০১)
ক. এখন যেতে পার
খ. শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে
গ. মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন
ঘ. এ চক্র ছিন্ন তো করতেই হবে
উত্তরঃ খ

কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত? (সুপ্রীম কোর্টের সহকারী রেজিস্ট্রার পরীক্ষা: ০৯)
ক. মাহমুদ [illegible]
খ. [illegible]
গ. [illegible]
ঘ. মা শিশুটিকে চাঁদ দেখাচ্ছে
উত্তরঃ ঘ

'ছেলেটি গোল্লায় গেছে'-এই বাক্যে ক্রিয়াপদটি কোন ধরনের? (সহকারী জজ পদের পরীক্ষা: ১৮/ [illegible] নিয়োগ পরীক্ষা: ১৯)
ক. যৌগিক ক্রিয়া
খ. প্রযোজক ক্রিয়া
গ. দ্বিকর্মক ক্রিয়া
ঘ. মিশ্র ক্রিয়া
উত্তরঃ ঘ

Download from www.boiyog.com

www.bdnjyog.com

◆ যা কিছু হারায় গিন্নী বলেন , কেষ্টা বেটাই চোর , এখানে হারায় কোন্ ধাতু? (১৯ তম বিসিএস)
ক. প্রযোজ্য ধাতু
খ. ভাব বাচ্যের ধাতু
গ. সংযোগমলক ধাতু
ঘ. নাম ধাতু
উত্তর: ঘ

◆ কাজটি ভাল দেখায় না---এই বাক্যর 'দেখায়' ক্রিয়াটি কোন ধাতুর উদাহরণ? (২৫তম বিসিএস; ১৮)
ক. মৌলিক ধাতুর
খ. নাম ধাতুর
গ. প্রযোজক ধাতুর
ঘ. কর্মবাচ্যের ধাতুর
উত্তর: ঘ

◆ শব্দের বিশেষ্য ও বিশেষণরূপ ঃ

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
ইচ্ছা	ঐচ্ছিক	প্রাচুর্য	প্রচুর
ইতিহাস	ঐতিহাসিক	সৌন্দর্য	সুন্দর
লাজ/ লজ্জা	লাজুক	কাবুলীওয়ালা	কাবুলী
জীবন	জীবনী	সন্ধ্যা	সান্ধ্য
চালাক	চালাকী	চতুর	চতুরতা
দহন	দহনীয়	দাহ	দাহ্য
গুরু	গরিষ্ঠ	ভূগোল	ভৌগোলিক

◆ একই শব্দ বিভিন্ন পদরূপে ব্যবহার ঃ

ϕ সুন্দর
বিশেষ্য ঃ সুন্দর মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে।
বিশেষণ ঃ সাখাওয়াৎ দেখতে সুন্দর ।

ϕ ভাল
বিশেষ্য ঃ আপন ভাল সবাই চায়।
বিশেষণ ঃ ভাল বাড়ি পাওয়া কঠিন।

ϕ মন্দ
বিশেষ্য ঃ এখানে কী মন্দটা তুমি দেখলে?
বিশেষণ ঃ মন্দ কথা বলতে নেই।

ϕ সত্য
বিশেষ্য ঃ এ এক বিরাট সত্য।
বিশেষণ ঃ সত্য পথে থেকে সত্য কথা বল।

ϕ পুণ্য
বিশেষ্য ঃ পুণ্যে মতি হোক।
বিশেষণ ঃ তোমার এ পুণ্য প্রচেষ্টা সফল হোক।

ϕ নিশীথ
বিশেষ্য ঃ গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত।
বিশেষণ ঃ নিশীথ রাতে বাজছে বাঁশী।

ϕ শীত
বিশেষ্য ঃ শীতে সকালে চারদিকে কুয়াশায় অন্ধকার
বিশেষণ ঃ

Download from www.bdnjyog.com

www.bdniyog.com

◆ কি
সর্বনাম ঃ তুমি এতক্ষণ কী করেছ?
অব্যয় ঃ তুমি কী এতক্ষণ থাকবে?

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'লাজ' কোন ধরনের শব্দ? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার -২০১৪]
ক. বিশেষ্যের বিশেষণ খ. বিশেষ্য
গ. বিশেষণ ঘ. ক্রিয়া বিশেষণ
ঙ. কোনোটিই নয় উত্তরঃ খ

◆ বাংলা 'ধীর' শব্দটির বিশেষ্য কী? [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপ-আঞ্চলিক ব্যবস্থাপক ২০১৩]
ক. ধৈর্য খ. ধীরতা
গ. ধীরস্থির ঘ. ধীরস্থিরতা উত্তরঃ খ

◆ গুরু শব্দটির বিশেষণরূপ নিচের কোনটি? [ছাত্র অধিদপ্তর সহকারী ২০১৫/পল্লী পরিকল্পনা নির্বাহী কর্মকর্তা ২০১৫]
ক. গুর্বী খ. গরিষ্ঠ
গ. লঘিষ্ঠ উত্তর: খ

◆ 'ভূগোল' শব্দটির বিশেষণ পদ কোনটি? [পরিবার কল্যাণ পরিদর্শিকা পুলিশ্যাল নিয়োগ পরীক্ষা ২০১৫]
ক. ভূগোলক খ. ভৌগোলিক
গ. ভৌগলিক ঘ. ভূগোলিক উত্তর:খ

ক্রিয়ার কাল

■ ক্রিয়ার কাল: ক্রিয়া সংগঠনের সময়কে ক্রিয়ার কাল বলে।
ক্রিয়ার কালকে প্রধানত বর্তমান, অতীত ও ভবিষ্যৎ এই তিনভাগে ভাগ করা যায়। আবার বর্তমান, অতীত ও ভবিষ্যৎকালকে নিম্নলিখিত ভাগে ভাগ করা যায় :

১. বর্তমান কাল ঃ ক. সাধারণ বর্তমান বা নিত্যবৃত্ত বর্তমান
খ) ঘটমান বর্তমান
গ) পুরাঘটিত বর্তমান
২. অতীতকাল ঃ ক) সাধারণ অতীত
খ) নিত্যবৃত্ত অতীত
গ) ঘটমান অতীত
ঘ) পুরাঘটিত অতীত
৩. ভবিষ্যৎ কাল ঃ ক) সাধারণ ভবিষ্যৎ
খ) ঘটমান ভবিষ্যৎ
গ) পুরাঘটিত ভবিষ্যৎ।

বর্তমান কাল

সাধারণ বর্তমান কাল ঃ যে ক্রিয়া বর্তমানে সাধারণ ভাবে ঘটে, তার কালকে সাধারণ বর্তমান কাল বলে। যেমন: সে ভাত খায়।
আমি বাড়ি যাই।

Download from www.bdniyog.com

www.boiyog.com

◆ নিত্যবৃত্ত বর্তমান কাল ঃ স্বাভাবিক বা অভ্যস্ততা বোঝাতে সাধারণ বর্তমান কালের ক্রিয়াকে নিত্যবৃত্ত বর্তমান কাল বলে। যথা:

সন্ধ্যায় সূর্য অস্ত যায়। (স্বাভাবিকতা)
আমি রোজ সকালে বেড়াতেই যাই। (অভ্যস্ততা)
বাঙালিরা ভাত খায়।

নিত্যবৃত্ত বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ:

স্থায়ী সত্য প্রকাশে ঃ চার আর তিনে সাত হয়।

ঐতিহাসিক বর্তমান ঃ অতীতের কোনো ঐতিহাসিক ঘটনায় যদি নিত্য বর্তমান কালের প্রয়োগ হয়, তা হলে তাকে ঐতিহাসিক বর্তমান কাল বলে। যেমন:
বাবরের মৃত্যুর পর হুমায়ুন দিল্লির সিংহাসনে আরোহণ করেন।
১৭৫৭ সালে পলাশীর যুদ্ধ হয়।

কাব্যের ভনিতায় ঃ মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস শুনে ভনে শূনে পূণ্যবান।

অনিশ্চয়তা প্রকাশে ঃ কে জানে দেশে আবার সুদিন আসবে কিনা।

■ ঘটমান বর্তমান কাল ঃ যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝাবার জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যথা:

হাসান বই পড়ছে।
বালকেরা স্কুলে যাচ্ছে।

■ পুরাঘটিত বর্তমান কালঃ ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন:

আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি।
সে পুরস্কার পেয়েছে।

অতীত কাল

■ সাধারণ অতীত ঃ বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমন :

প্রদীপ নিভে গেল।
শিকারি পাখিটিকে গুলি করল।
সে কি গিয়েছিল?

■ নিত্যবৃত্ত অতীত ঃ অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বল। যেমন :

আমরা তখন রোজ সকালে নদী তীরে ভ্রমণ করতাম।
আগে প্রতি বছর এখানে খেলা হত।
শৈশবে আম কুড়াতে আনন্দ পেতাম।

Download from www.boiyog.com

হয়। যেমন: কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল।
আমরা তখন বই পড়ছিলাম।

www.boiyog.com

■ **পুরাঘটিত অতীত কাল** ঃ যে ক্রিয়া অতীতে বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার পরে আরও কিছু ঘটনা ঘটে গেছে, তার কালকে পুরাঘটিত অতীত কাল বলা হয়। যেমন:
সে বার তাকে সুদ্রই দেখেছিলাম।
কাজটি কি তুমি করেছিলে?
বৃষ্টি শেষ হবার পূর্বেই আমরা বাড়ি পৌছেছিলাম।

ভবিষ্যৎ কাল

■ **সাধারণ ভবিষ্যৎ কাল** ঃ যে ক্রিয়া পরে বা অনাগত কালে সংঘটিত হবে, তার কালকে সাধারণ ভবিষ্যৎ কাল বলে। যথা:
আমরা মাঠে খেলতে যাব।
শীঘ্রই বৃষ্টি আসবে।
চেষ্টা কর বুঝতে পারবে।
কে জানত আমার ভাগ্যে এমন হবে।

■ **ঘটমান ভবিষ্যৎ** : যে কাজ ভবিষ্যৎ কালে চলতে থাকবে তার কালকে ঘটমান ভবিষ্যৎ বলে।
যথা: আমরা পড়াশুনা করিতে থাকব।

■ **পুরাঘটিত ভবিষ্যৎ** ঃ যে ক্রিয়া সম্ভবত ঘটে গিয়েছে, সাধারণ ভবিষ্যৎ কালবোধক শব্দ ব্যবহার করে তা বোঝালে পুরাঘটিত ভবিষ্যৎ কাল হয়। যথা:
আমরা সেখানে গিয়ে থাকব।

■ **বিভিন্ন কালের প্রয়োগ** ঃ

♦ **বর্তমানকাল** ঃ

সাধারণ বর্তমান	ঃ	সে ভাত খায়।
নিত্যবৃত্ত বর্তমান	ঃ	সে রোজ সকালে ভাত খায়।
ঘটমান বর্তমান	ঃ	সে ভাত খাচ্ছে।
পুরাঘটিত বর্তমান	ঃ	সে ভাত খেয়েছে।

♦ **অতীতকাল** ঃ

সাধারণ অতীত	ঃ	সে ভাত খেত।
নিত্যবৃত্ত অতীত	ঃ	সে রোজ সকালে ভাত খেত।
ঘটমান অতীত	ঃ	সে ভাত খাচ্ছিল।
পুরাঘটিত অতীত	ঃ	আমরা উপস্থিত হওয়ার পূর্বেই সে ভাত খেয়ে ফেলল।

♦ **ভবিষ্যৎ কাল** ঃ

সাধারণ ভবিষ্যৎ	ঃ	সে ভাত খাবে।
ঘটমান ভবিষ্যৎ	ঃ	সে ভাত খাইতে থাকবে।
পুরাঘটিত ভবিষ্যৎ	ঃ	সে ভাত খেয়ে থাকবে।

Download from www.boiyog.com

www.boiyog.com

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◆ 'হাসান বই পড়ছে'- কোন বর্তমান কালের উদাহরণ? (বাংলাদেশ ফিসারিজ সার্ভিস ২০১)
ক. সাধারণ খ. ঘটমান
গ. নিত্যবৃত্ত ঘ. পুরাঘটিত
উত্তর: খ

◆ কোন বাক্যে অতীতকাল বোঝানো হয়েছে? (অগ্রণী ব্যাংক অফিসার ২০১)
ক. আমরা গিয়েছি খ. তুমি যেতে থাক
গ. সে কি গিয়েছিল? ঘ. কোনোটিই নয়
উত্তর: গ

◆ কোন বাক্যে ভবিষ্যৎকাল বোঝানো হয়েছে? (অগ্রণী ব্যাংক অফিসার ২০১)
ক. চেষ্টা কর বুঝতে পারবে খ. সদা সত্য কথা বলতে হবে
গ. রোগ হলে ঔষধ খেতে হবে ঘ. কোনোটিই নয়
উত্তর: ক

◆ ঐতিহাসিক বর্তমান কোনটি? (বাংলাদেশ অর্থনৈতিক সার্ভিস/সহকারী কমিশনার ২০১)
ক. কবিতা ছবি আঁকছে খ. ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধ হয়
গ. সদা সত্য কথা বলবে ঘ. সূর্য পূর্বদিকে উঠে
উত্তর: খ

◆ 'শৈশবে আম কুড়াতে আনন্দ পেতাম' উক্ত বাক্যটি কোন অতীত কাল? (পরিবার পরিকল্পনা কর্মকর্তা গ্রুপ সহকারী কমিশনার গ্রেডের ২০১)
ক. সাধারণ অতীত খ. নিত্যবৃত্ত অতীত
গ. ঘটমান অতীত
উত্তর: খ

◆ নিচের কোনটি নিত্যবৃত্ত অতীত? (বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১৩/সহকারী জেলার যাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক-২০১৩/স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী ২০১০)
ক. পড়লাম খ. পড়িয়াছিলাম
গ. পড়তাম
উত্তর: গ

◆ কে জানত আমার ভাগ্যে এমন হবে- এই বাক্যটি নিম্নের কোন কালের উদাহরণ? (বিসিক শিল্প নগরীসমূহ পরিচালনা কর্তৃপক্ষ নিয়োগ পরীক্ষা ২০১০)
ক. ঘটমান বর্তমান খ. সাধারন বর্তমান
গ. সাধারণ ভবিষ্যত
উত্তর: গ

◆ নিচের কোনটি নিত্যবৃত্ত অতীত? (পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন নিয়োগ পরীক্ষা ২০১০)
ক. পড়ালাম খ. পরিয়েছিলাম
গ. পড়াতাম
উত্তর: গ

◆ "বাঙালিরা ভাত খায়।" কোন কালের উদাহরণ? (ধলা সরকারি শিক্ষা অফিসার: ০৫)
ক. বর্তমান অনুজ্ঞা খ. ঘটমান বর্তমান
গ. সাধারণ অতীত ঘ. সাধারণ বর্তমান
উত্তর: ঘ

◆ যে কাজ এখনও চলছে তাকে কি বলে? (দুর্গাপুর বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১)
ক. নিত্য বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. পুরাঘটিত বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞান
উত্তর: খ

◆ "বালকেরা স্কুলে যাচ্ছে" বাক্যটি কোন ধরনের বর্তমান কাল নির্দেশ করে? (জেলা সহকারী শিক্ষক: ০৫)
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. নিত্য বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞা
উত্তর: খ

◆ "এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি"- বাক্যটির কাল নির্ণয় কর । (দুর্গাটি দমন ব্যুরো সহকারী পরিচালক ও দুর্গাটি দমন ব্যুরো পরিচালক ০৫)
ক. সাধারণ বর্তমান খ. সাধারণ অতীত
গ. নিত্যবৃত্ত বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান
উত্তর: ঘ

Download from www.boiyog.com

www.banglainternet.com

কোন কাল নির্ণয় করুন: 'সে সবসময় সিনেমা' [বাংলাদেশ বীমা কর্পোরেশন এবং বিজ্ঞান অধিদপ্তর (গ্রেড ২)'র ০৬]

ক. সাধারণ বর্তমান খ. পুরাঘটিত বর্তমান
গ. ঘটমান বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞা
উত্তরঃ খ

"সে পুরস্কার পেয়েছে" কোন ধরনের বর্তমান কাল? [সমবায় অধিদপ্তরের উপ-সহকারী পরিদর্শক পরীক্ষা: ০১]

ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. পুরাঘটিত বর্তমান ঘ. অনুজ্ঞা বর্তমান
উত্তরঃ গ

"আগে প্রতি বছর এখান খেলা হত"। বাক্যটি কোন ধরনের অতীতকাল নির্দেশ করে? [বি.এস.টি.আই সহকারী পরিচালক: ১৮]

ক. সাধারণ অতীত খ. ঘটনার অতীত
গ. পুরাঘটিত অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত
উত্তরঃ ঘ

বইয়ের পোকা	পড়ুয়া
বুকের পাটা	সাহস
বক ধার্মিক	ভণ্ড সাধু
বক দেখানো	অশোভনভাবে বিদ্রুপ করা
বর্নচোরা	কপটচারী
বেগার ঠেলা	বিনা পারিশ্রমিকে কাজ করা
বাঘে গরুতে এক ঘাটে জল খাওয়া	ক্ষমতা প্রদর্শন
বাঘের আড়ি	নাছোড়বান্দা, দুশমনি
বাঘের দুধ/চোখ	দুঃসাধ্য বস্তু
ব্যাঙের সর্দি	অসম্ভব ঘটনা
ব্যাঙের আধুলি	সামান্য সম্পদ
বর্ণচোরা আম	কপট ব্যক্তি
বিষ নেই তার	অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন
কুলোপনা চক্কর	বাহিরে আড়ম্বর ভিতরে শুন্য
ছুঁ আঁটুনি ফস্কা গেরো	অতিরিক্তের অতিরিক্ত
বান্ধার উপর ঢাকের আঁটি	সামান্যতম
বন্দু বিসর্জন	আকস্মিক বিপদ
না মেঘে বজ্রপাত	

বানরের গলায় মুক্তার হার	অপাত্রে উৎকৃষ্ট দান
বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে	জীবমাত্রই স্বাভাবি অবস্থানে সুন্দর
বামন হয়ে চাঁদে হাত	অসম্ভব কিছুর পা চেষ্টা
বারো মাসে তেরো পার্বণ	উৎসবের আধিক্য
বারো মাস ত্রিশদিন	প্রতিদিন
বারো ভূত	আত্মীয় লোকজন
বরের ঘরে পিসী কনের ঘরে মাসী	উভয় কুল রক্ষা কর চলা
বালির বাঁধ	অস্থায়ী বস্তু
বিষের পুঁটলি	হিংসুটে, বিদ্বেষী
বসন্তের কোকিল	সুসময়ের বন্ধু
বিসমিল্লায় গলদ	গোড়ায় গলদ
বিড়াল তপস্বী	ভণ্ড সাধু, ভন্ড লোক, কপট সাধু
বিড়ালের খুদ	শ্রদ্ধার সামান্য উপহার
বিড়ালের আড়াই পা	ক্ষণস্থায়ী রাগ
বিড়ালের ভাগ্যে শিকা ছেঁড়া	ভাগ্যক্রমে বিনা চেষ্টাতে বাঞ্ছিত বস্তু লাভ
বাড়া ভাতে ছাই	আশা ভঙ্গ
বুদ্ধির ঢেঁকি	নিরেট মূর্খ

ভ

ভুঁই ফোড়	অর্বাচীন, নতুন
ভাগের মা গঙ্গা পায়না	ভাগাভাগির কাজ সিদ্ধ হয় না
ভাগার ফলা	অনুর্বর
ভিজে বিড়াল	কপটচারী
ভিটায় ঘুঘু চড়ানো	সর্বনাশ করা
ভূতের ব্যাগার	অযথা শ্রম
ভূতের বাপের শ্রাদ্ধ	অপব্যয়
ভানুমতির খেল	যাদুবিদ্যা
ভরাডুবি	সর্বনাশ
ভেরেণ্ডা ভাজা	অকাজের কাজ
ভূশণ্ডির কাক	দীর্ঘজীবী
ভাড়ে মা ভবানী	রিক্ত হস্ত

Downloaded from www.bdniyog.com

www.bdniyog.com

ভস্মে ঘি ঢালা	নিষ্ফল কাজ

ম

মাকাল ফল	অন্তঃসারশূন্য
মুখে ফুলচন্দন পড়া	শুভ সংবাদের জন্য ধন্যবাদ
মগের মুলুক	অরাজক দেশ
মেঘ না চাইতেই জল	আশাতীত ফল
মেঘে মেঘে বেলা হওয়া	বয়স বাড়া
মিছরির ছুরি	মুখে মধু অন্তরে বিষ
মাছের মা	নির্মম
মাছের মায়ের পুত্রশোক	কপট বেদনাবোধ
মাছের তেলে মাছ ভাজা	পরে পরে কার্যোদ্ধার
মাটির মানুষ	নিরীহ ব্যক্তি
মণিকাঞ্চন যোগ	উপযুক্ত মিলন
মণিহারী ফণী	প্রিয়জনের জন্য অস্থির লোক
মানিকজোড়	অন্তরঙ্গ বন্ধু
মন উনচান করা	অস্থির হওয়া
মন না মতি	অস্থির মানব মন
মেনি মুখো	সলজ্জ
মান্ধাতার আমল	অতি প্রাচীনকাল
মহাভারত অশুদ্ধ	বড় রকমের অপরাধ
মড়ার উপর খাঁড়ার ঘা	দুর্বলের উপর সবলের অত্যাচার
মশা মারতে কামান দাগা	সামান্য ব্যাপারে বৃহৎ আয়োজন
মুখচোরা	লাজুক

য

যা পূর্বে ছিল এখন নেই	ভূতপূর্ব
যে নারী প্রিয় কথা বলে	প্রিয়ংবদা
যক্ষের ধন	কৃপণের কড়ি
যেখানে বাঘের ভয় সেখানে রাত হয়	যেখানে ভয়, সেখানে বিপদ হয়।
যত গর্জে তত বর্ষে না	আড়ম্বরের তুলনায় কম কাজকর্ম
যদি হয় সুজন তেঁতুল পাতায় ন জন	মিলে মিশে কাজ করলে অসম্ভবকে সম্ভব করা যায়
যবনিকা পতন	পরিসমাপ্তি
যম-যন্ত্রণা	মৃত্যু যন্ত্রণা
যমের অরুচি	সহজে মরে না
যমের দোসর	ভয়ানক লোক
যার লাঠি তারমাটি	জোর যার মুলুক তার
যাহা বাহান্ন তাহা তিপ্পান্ন	খুব সামান্য তফাত

র

রাই কুড়িয়ে বেল	ক্ষুদ্র সঞ্চয়ে বৃহৎ
রুই-কাতলা	পদস্থ বা নেতৃস্থানীয় ব্যক্তি
রাঘব বোয়াল	সর্বগ্রাসী ক্ষমতাসীন ব্যক্তি
রাজা উজির মারা	বড় বড় গল্প
রাজঘোটক	চমৎকার মিলন
রথ দেখা কলা বেচা	এক ঢিলে দুই পাখি মারা
রাবণের চিতা	চির অশান্তি
রাবণের গোষ্ঠী	বড় পরিবার
রাম রাজত্ব	শান্তি-শৃঙ্খলাযুক্ত রাজ্য
রামগরুড়ের ছানা	গোমড়ামুখো লোক
রাশভারি	গম্ভীর প্রকৃতির
রাহুর দশা	দুঃসময়
রক্ত গঙ্গা করা	খুনাখুনি করা
রক্তের টান	স্বজনপ্রীতি

ল

লম্বা দেয়া	চম্পট দেয়া
লাগে টাকা দেবে গৌরী সেন	চাওয়া মাত্র যার কাছে টাকা পাওয়া যায়
লেজে গোবরে করা	বিশৃঙ্খলা
লেজে পা পড়া	স্বার্থে আঘাত লাগা
লালবাতি জ্বালানো	ধ্বংস হওয়া
লেফাফা দুরস্ত	বাইরের পরিপাটি

Download from www.bdniyog.com

শ	
মকুনি মামা	কুচক্রী লোক
কে দিয়ে মাছ ঢাকা	দোষ গোপনের বৃথা চেষ্টা
দাঁয়ের করাত	উভয় সংকট
হস্তহস্তী পোষা	কর্মচারীদের জন্য অধিক অর্থব্যয়
শনির দশা	দুঃসময়
শনির দৃষ্টি	কুদৃষ্টি
শাপে বর	অনিষ্টে ইষ্ট লাভ
শরতের শিশির	সুসময়ের বন্ধু
শ্যাম রাখি না কুল রাখি	উভয় সংকট
শিরে সংক্রান্তি	আসন্ন বিপদ
শিয়ালের যুক্তি	অকেজো যুক্তি

ষ	
ষালআনা	সম্পূর্ণ
ালকলা	

স	
খের পায়রা	সুসময়ের বন্ধু
খ থাকতে ভূতে লায়	স্বেচ্ছায় দুঃখ বরণকারী
ত পাঁচ ভাবা	নানা রকম চিন্তা
ত সতেরো	অপ্রয়োজনীয় কথা
ত খুন মাফ	অত্যধিক প্রশ্রয়
নার কাঠি রূপোর ঠি	বাচা মরার বস্তু
নার পাথরবাটি	অসম্ভব বস্তু
য়ে সোহাগা	মণি কাঞ্চন যোগ
প নেউলে	শত্রুভাবাপন্ন
র ছুঁচো পা	গর্বে অন্ধ হওয়া
র ছুঁচো গেলা	উভয় সঙ্কটে পড়া
র মেওয়া ফলে	ধৈর্য ধরলে যথা সময়ে ফল পাওয়া যায়
ও মরে লাঠিও াঙ্গে	উভয় কুল রক্ষা
ধন নীলমণি	একমাত্র সন্তান
ম চড়া	প্রচণ্ড উত্তেজনা

সস্তার তিন অবস্থা	সস্তার জিনিস প্রায়ই খারাপ থাকে
স্বখ্যাত সলিল	নিজ বিপদ ডাকা
সাক্ষ্মী গোপাল	নিষ্ক্রিয় দর্শক

হ	
হ-য-ব-র-ল	বিশৃঙ্খলা
হাত ধুয়ে বসা	আশা ত্যাগ করা; দায়িত্ব না রাখা কিংবা নিশ্চিন্ত বোধ করা
হাটে হাঁড়ি ভাঙা	গোপন কথা প্রকাশ
হাতির পাঁচ পা দেখা	দুঃসাহসী হওয়া
হাতির খোরাক	যে বেশি পরিমাণে আহার করে
হাত-ভারি	কৃপণ, ব্যয়কুণ্ঠ।
হাত দিয়ে হাতি ঠেলা	অসম্ভবকে সম্ভবপর করতে চেষ্টা করা
হাতের লক্ষী পায়ে ঠেলা	সুযোগ হেলায় হারানো
হরিষে বিষাদ	আনন্দে বিষাদ
হালে পানি পাওয়া	সুবিধা করা
হাড় হাভাতে	হতভাগ্য
হাড় জুড়ানো	শান্তি পাওয়া
হাড়ে বাতাস লাগা	শান্তি পাওয়া
হাড়ে দুর্বা গজানো	অত্যন্ত কুঁড়ে
হাড়ে হাড়ে চেনা	মর্মান্তিকভাবে চেনা
হাড়হদ্দ	নাড়ি নক্ষত্র
হস্তীমুর্খ	বোকা

Download from www.bdniyog.com

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

www.bdnlyog.com

'চক্ষুদান করা' বাগধারাটির অর্থ কি ? [ছাদশ কেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (মূল পর্ব)] ২০১৪/[জেলা বেসরকারি বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১১- সিটিং, রাজশাহী] [বি ইউনিয়ন ব্যাংকের বিভিন্ন অফিসার নিয়োগ পরীক্ষা ২০১৩]

ক. সচেতন করা খ. চক্ষুদান করা

গ. চুরি করা ঘ. এর কোনটিই নয়

উত্তর: খ

'চিনির পুতুল' -এর অর্থ কী ? [অডিটর পদে নিয়োগ পরীক্ষা-২০১৫]

ক. লজ্জা খ. পরিশ্রম কাতর

গ. ভনিতা ঘ. হতভাগ্য

উত্তর: খ

'অর্ধচন্দ্র' এর অর্থ -- [১ম বিসিএস] [অডিটর পদে নিয়োগ পরীক্ষা-২০১৫/বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডে সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৩/প.প. রবিবার হিলার রুবেল/হেলাল রুবেল/মোবাশ্বের-২০১১]/ বাংলাদেশ রেলওয়ে ইঞ্জিনিয়ারস প্রবেশিকা (মেকানিক্যাল): ০৯/ বিসিএস প্রিলিমিনারি: ০৯/ বিসিএস ফাইনালের মধ্যে ৮ম-৯ম বিসিএস জুডিশিয়ারি রবিবারের সহকারী জজ পরীক্ষা: ১৮/ সহকারী পরিচালক ২০১৫: ১৮]

ক. গলা ধাক্কা দেয়া খ. অমাবস্যা

গ. দ্বিভীয় ঘ. কাস্তে

উত্তর: ক

'গৌফ খেজুরে' বাগধারাটির অর্থ কি? [অডিটর পদে নিয়োগ পরীক্ষা-২০১৫/জনতা ব্যাংক লিমিটেড সহকারী অফিসার পদে ০৯/ ব্যাংক পরিদর্শক ২০১৮: ১৮/ সুপ্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যে সুপ্ত বিশ্ববিদ্যালয় ১২/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ১২]

ক. নিতান্ত অলস খ. আরামপ্রিয়

গ. উদাসীন ঘ. পরমুখাপেক্ষী

উত্তর: ক

'চাঁদের হাট'-অর্থ কি? [১ম বিসিএস/ছাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা (মূল পর্ব)] ২০১৫/[অডিটর পদে নিয়োগ পরীক্ষা-২০১৫/হাইকোর্ট বিভাগের প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- রাজশাহী/ প.প. রবিবার হিলার রুবেল/হেলাল রুবেল/মোবাশ্বের-২০১১]/ পাসপোর্ট ও ইমিগ্রেশন অফিসার সহকারী পরিচালক: ০৯]

ক. বন্ধুদের সমাবেশ খ. আত্মীয় সমাবেশ

গ. বিয়েতন সমাবেশ ঘ. ব্যবসায়ীদের সমাবেশ

উত্তর: গ

বাগধারা বা বাগ্বিধি কোন শব্দ বা শব্দগুচ্ছের- [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যায়ন পরীক্ষা ২০১৯]

ক. আভিধানিক অর্থ প্রকাশ করে খ.বিশেষ অর্থ প্রকাশ করে

গ. আক্ষরিক অর্থ প্রকাশ করে ঘ. অতিরিক্ত অর্থ প্রকাশ করে

উত্তর: খ

'বদান্যতা' শব্দের অর্থ কি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ পরিদর্শিকা (FWV) প্রশিক্ষণার্থী-২০১৩]

ক. খারাপ স্বভাবের লোক খ. অন্যের অনিষ্ট করার ইচ্ছা

গ. দানশীলতা ঘ. গানের এক প্রকার রাগিনী

উত্তর: গ

অপভ্রংশ কথাটির অর্থ কী? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবারকল্যাণ পরিদর্শিকা (FWV) প্রশিক্ষণার্থী-২০১৩]

ক. উন্নত খ. বিবৃত

গ. সাধারণ ঘ. বিকৃত

উত্তর: ঘ

'কৈ মাছের প্রাণ' বলতে কি বোঝায়? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স-এর কার্যালয়ের অফিস অডিটর-২০১৪]

ক. কঠিন জিনিস খ. সর্বভুক

গ. দীর্ঘজীবী ঘ. স্বল্পভুক

উত্তর: গ

'ভুলভির কাক' বাগধারাটির সঠিক অর্থ কোনটি? [১ম তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (মূল/সমপর্যায় ২) -২০১৪]

ক. একই স্বভাবের খ. মূর্খ

গ. কপট ব্যক্তি ঘ. দীর্ঘজীবী

উত্তর: ঘ

'উনকোটি চৌষট্টি' এ বাগধারার অর্থ হলো- [জুডিশিয়াল সার্ভিস কমিশন পৃষ্ঠিত জজ ১ম বিসিএস (সমমান) প্রাথমিক পরীক্ষা -২০১৪]

ক. অপদার্থ খ. পাগলামি

গ. অপব্যয়ী ঘ. প্রায় সম্পূর্ণ

উত্তর: ঘ

Download from www.bdnlyog.com

www.bdniyog.com

◆ 'তামার বিষ' অর্থ কি? [পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী -২০১৪/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন যাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে মানবী পরিচালক-২০১৩/স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক-২০১৩]

ক. মোসাহেবী খ. শ্রমবিমুখ
গ. অর্থের কুপ্রভাব ঘ. দালালী উত্তর: গ

◆ 'গৌরচন্দ্রিকা' বাগধারার অর্থ কী? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে অধীন অডিটর -২০১৪/কন্টেনার ডেপোতে ডিপো লাইনস-এর কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪]

ক. অনুশীলন খ. ভূমিকা
গ. গুরুচণ্ডালি ঘ. যবনিকা উত্তর: খ

◆ 'অকালে বাদলা' বাগধারার অর্থ কি? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে অধীন জুনিয়র অডিটর-২০১৪]

ক. অপ্রত্যাশিত বাধা খ. যা সচরাচর ঘটে না
গ. পৌষ-মাঘ মাসের বৃষ্টি ঘ. নিত্যনৈমিত্তিক বিষয় উত্তর: ক

◆ 'কান পাতলা' বাগধারাটি অর্থ-[পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার -২০১৪]

ক. সতর্ক খ. সন্দেহপ্রবণ
গ. বিশ্বাসপ্রবণ ঘ. বধির উত্তর: গ

◆ উজানের কৈ --- এই বাগধারাটির অর্থ কি? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা (মূল/মানবন্টন) -২০১৪]

ক. বিরাট আয়োজন ঘ. সহজলভ্য
গ. অপদার্থ ঘ. সামান্য পার্থক্য উত্তর: খ

◆ 'ঘরের শত্রু বিভীষণ' বাগধারাটির অর্থ- [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা-২০১৪]

ক. বন্ধুভাবাপন্ন খ. শত্রু
গ. রাবণের বাই ঘ. যে গৃহ বিবাদ করে উত্তর: ঘ

◆ 'কূপমন্ডুক'-বাগধারাটি দ্বারা কি বোঝায়? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মানবী পরিচালক (প্রশাসন) ২০১৩]

ক. সীমিত জ্ঞানে মানুষ খ. সাধারণ মানুষ
গ. বিশ্বাস প্রবণ ঘ. অলস উত্তর: ক

◆/ বাগধারার অর্থ নির্ণয় করুন : বাঘের চোখে'। [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন মানবী ব্যবস্থাপক ২০১৩]

ক. দুঃসাধ্য বস্তু খ. ভয়ানক বস্তু
গ. অমূল্য সম্পদ ঘ. অসম্ভব বস্তু
ঙ. কোনোটিই নয় উত্তর: ক

◆ 'চোখের বালি' বাগধারার অর্থ কি? [কন্টেনার ডেপোতে ডিপো-এর কার্যালয়ে অধীন অডিটর-২০১৪/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিদর্শক-২০১৩]

ক. চোখের অসুখ খ. চোখের যত্ন
গ. শত্রু ঘ. কৃতঘ্ন উত্তর: গ

◆ 'কাষ্ঠহাসি' বাগধারার অর্ত কি? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে উপপরিদর্শক-২০১৩]

ক. স্বেচ্ছাচারী খ. বিত্তশালী
গ. শুকনো হাসি ঘ. গভমূর্খ উত্তর: গ

◆ 'হাত ধুয়ে বসা' বাগধারার অর্থ কী? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা (মূল/মানবন্টন)-২০১৪]

ক. খেতে বসা খ. শুরু করা
গ. তত্ত্বাবধান করা ঘ. সাধু সাজা উত্তর:

[Note :হাত ধুয়ে বসা' বাগধারার অর্থ আশা ত্যাগ করা; দায়িত্ব না রাখা কিংবা নিশ্চিন্ত বোধ করা।

◆ 'পুকুর চুরি' বাগধারাটির অর্থ- [জনতা ব্যাংকের মানবী শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৩]

ক. অবাস্তব বস্তু খ. বড় ধরনের চুরি
গ. পুকুর চুরি ঘ. লোপাট উত্তর: খ

Download from www.bdniyog.com

www.bdniyog.com

◆ 'নদের চাঁদ' বাগধারাটি যে অর্থ প্রকাশ করে–[৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. কুৎসিত ব্যক্তি অথচ কর্মপটু খ. দুর্বল ও ব্যক্তিত্বহীন
গ. সুন্দর ব্যক্তি অথচ অপদার্থ ঘ. গম্ভীর অথচ কর্মপটু
উত্তর:

◆ 'নদের চাঁদ' বাগধারাটির অর্থ কি? [৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. অতি আকাঙ্ক্ষিত বস্তু খ. অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি
গ. অদৃষ্টের পরিহাস ঘ. বিশেষ সম্মানিত ব্যক্তি
উত্তর:

◆ 'ফপর দালালি'-এ বাগধারাটির সঠিক অর্থ কোনটি? [৬ষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১
ক. ঠোঁট কাটা খ. কান্ডজ্ঞানহীন
গ. গায়ে পড়ে মাতব্বরী ঘ. ধনের অহংকার
উত্তর:

◆ 'হাত-ভারি' বাগধারার অর্থ-[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২-ঢাকা]
ক. দাতা খ. কম-খরচে
গ. কৃপণ ঘ. দরিদ্র
উত্তর:

◆ 'যার অনেক বুদ্ধি আছে' তাকে বাগধারা দিয়ে প্রকাশ করলে কি দাঁড়ায়? [মাধ্যমিক ও উ
অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- চট্টগ্রাম/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে
সহকারী ২০১১]
ক. বুদ্ধির ঢেঁকি খ. বিড়াল তপস্বী
গ. গভীর জলের মাছ ঘ. ভূষন্ডির কাক
উত্তর:

◆ কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করে? [দাখিল বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল পর্যায়) ২০১৫
ক. ভিজা বিড়াল খ. সাপে-নেউলে
গ. দা-কুমড়া ঘ. আদায়-কাঁচকলায়
উত্তর:

◆ কোন বাগধারাটি 'স্বতন্ত্র' অর্থ প্রকাশক? [বরিশাল বোর্ড শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ (ঢাকা)]
ক. আদায়-কাঁচকলায় খ. সাপে-নেউলে
গ. দা-কুমড়া ঘ. সাতেও না পাঁচেও না
উত্তর:

◆ 'ভাবনা চিন্তাহীন' কোন বাগধারাটির অর্থ প্রকাশ করে? [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৫]
ক. সুখের পায়রা খ. খোদার খাসি
গ. যক্ষের ধন ঘ. বসন্তের কোকিল
উত্তর:

◆ 'ফাঁকা আওয়াজে কাজ আদায়'-এর সমার্থক বাগধারা কোনটি? [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা
ক. কলকাঠি নাড়া খ. কুপোকাৎ
গ. কালে ভদ্রে ঘ. কথায় চিড়া ভেজা
উত্তর:

◆ 'ফেকলু পার্টি' বাগধারাটির অর্থ কি? [বিসিএস(আইসিটি) সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) ২০১১]
ক. ক্ষমতাসীন পার্টি খ. বিরোধী পার্টি
গ. কদরহীন লোক ঘ. নিকৃষ্ট লোক
উত্

◆ 'বক দেখানো' বাগধারাটির অর্থ কি? [বিসিএস(আইসিটি) সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) ২০১১]
ক. কথায় পটু খ. পড় য়া
গ. অশোভনভাবে বিদ্রুপ করা ঘ. মতিচ্ছন্ন হওয়া
উত্

◆ 'আগড়ম বাগড়ম' বাগধারার অর্থ- [ক্ষণপূর্ত অধিদপ্তরের ইঞ্জিনিয়ার প্রকৌশলী (সিভিল) ২০১১]
ক. সুন্দর কথা খ. প্রচুর কথা
গ. রাগের কথা ঘ. অর্থহীন কথা
উত্তর: ঘ

◆ আষাঢ়ে গল্প বলতে কী বোঝায়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক/হিসাব রক্ষক/কোষাধ্যক্ষ-২০১১]
ক. আষাঢ় মাসের গল্প খ. বৃষ্টির গল্প
গ. গাজাখুরি গল্প
উত্তর

Download from www.bdniyog.com

MP3 www.bdniyog.com

'কপালের লিখন' বলতে কি বুঝেন?/পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক/ডেমো রক্ষক/কোষাধ্যক্ষ-২০১১/

ক. কপালে কালি দিয়ে লেখা খ. অলঙ্গনীয়

গ. বিধাতার ইচ্ছা

উত্তর:গ

'আকাশ কুসুম' বাগধারাটির অন্তর্নিহিত অর্থ হলো-/বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার-২০১৪/পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ২০১১/ প.প অধিদপ্তর হিসাব রক্ষক/ডেমো রক্ষক/কোষাধ্যক্ষ-২০১১/

ক. অপদার্থ খ. অদ্ভুত

গ. চুরি ঘ. অলিক কল্পনা

উত্তর: ঘ

'নাটের গুরু' বাগধারাটির অর্থ-/সর্ষে ফুলনায়ের অফিস সহকারী ২০১১/

ক. খলনায়ক খ. নাট্যগুরু

গ. মূলনায়ক ঘ. গুরু

উত্তরঃ গ

'ভিজা বিড়াল' বাগধারাটির অর্থ-/সর্ষে ফুলনায়ের অফিস সহকারী ২০১১/

ক. কপট খ. কৃপণ

গ. কুৎসিত ঘ. কন্টক

উত্তরঃ ক

বাগধারার অর্থ নির্ণয় করুন : কান কাটা'- /খাদ্য অধিদপ্তরের সহকারী টেপ-রাদ্য পরিদর্শক ২০১২, সর্ষে ফুলনায়ের অফিস সহকারী ২০১১/

ক. ধার্মিক খ. ভন্ড সাধু

গ. বেহায়া ঘ. পক্ষপাতদুষ্ট

উত্তর: গ

বর্নচোরা বাগধারাটির অর্থ হলো /রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সিনিয়র অফিসার নিয়োগ পরীক্ষা ২০১০/

ক. পাকা আম খ. কপটচারী

গ. কপটহীন ব্যক্তি ঘ. ভন্ডসাধু ঙ. অসৎ ব্যক্তি

উত্তর:খ

'কুঁড়ে স্বভাব' কোন বাগধারা দ্বারা বোঝানো হয়? /প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১২ - পদ্মা/

ক. উনপঞ্চাশ বায়ু খ. আঠার মাসে বছর

গ. অকাল কুষ্মান্ড ঘ. অল্পবিদ্যা ভয়ঙ্করী

উত্তরঃ খ

'সৌভাগ্যের বিষয়' কথাটি কোন বাগধারা দিয়ে বুঝানো হয়েছে? /প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ - পদ্মা/

ক. কেউকেটা খ. শাপে বর

গ. ব্যাঙের আধুলি ঘ. একাদশে বৃহস্পতি

উত্তরঃ ঘ

কোন প্রবচনটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত হয়? /অডিটর পদে নিয়োগ পরীক্ষা-২০১৫/

ক. আটকপালে খ. কান কাটা

গ. নির্বোদ ঘ. ভিজা বিড়াল

উত্তরঃ ক

'আটকপালে' বাগধারার অর্থ কী? /প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫/মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের জুনিয়র অডিটর -২০১৪/বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার-২০১৪/

ক. ভাগ্যবান খ. হতভাগ্য

গ. নির্বোদ ঘ. সুদর্শন

উত্তরঃ খ

'উনপাঁজুরে' বগধারাটির অর্থ কি? /প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ মডেল/

ক. সৌভাগ্যবান খ. হতভাগ্য

গ. সুসময় ঘ. এর কোনোটিই নয়

উত্তরঃ খ

'রাবণের চিতা' বাগধারাটির অর্থ কি? /১ম বিসিএস/ প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কন্ট্রোলার যোগ্যতার ২০১৩/১ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩/১ম মেডিকেল শিক্ষা নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২/ পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক ০৩/ জেল দারোগা পদ অভিযোগ ১৪/ কৃষি অধিদপ্তরে কৃষি অফিসার ১৪/

ক. অনিষ্টে ইষ্ট লাভ খ. চির অশান্তি

গ. অরাজক দেশ ঘ. সামান্য কিছু নিয়ে ঝগড়া বাধানো

উত্তরঃ খ

Download from www.bdniyog.com

www.bdniyog.com

◆ 'মাছের মা' বাগধারার অর্থ- [পরিবেশ পরিবহন পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ২০১১/পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার অপারেটর ১৫]
ক. কঠোর
খ. অত্যাচারী
গ. নিষ্ঠুর
ঘ.নীতিহীন
উত্তরঃ গ

◆ 'রাজঘোটক' বাগধারাটি ব্যবহৃত হয় কোন অর্থে? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০১৩/সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের অফিসার ০৮]
ক. চমৎকার মিল
খ. অন্তঃসারশূন্য
গ. বড়লোক
ঘ. পণ্ডশ্রম
ঙ. কোনটিই নয়
উত্তরঃ ক

◆ 'লেফাফা দুরস্ত' বাগধারাটির অর্থ কি?[দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক ০৪/ ক্ষুদ্র উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক ১১]
ক. চৌকস ব্যক্তি
খ. সৌখিন ব্যক্তি
গ. পোষাক সর্বস্ব
ঘ. বাইরের ঠাট বজায় রেখে চলা
উত্তরঃ ঘ

◆ 'শাখের করাত' বাগধারার অর্থ কি? [ইসলামী ব্যাংক সহকারী অফিসার (গ্রেড-৩)ঃ ০৮]
ক. সংকট
খ. বিপদ
গ. উভয় সংকট
ঘ. অনিষ্ট
উত্তরঃ গ

◆ কোন বাগধারাটি স্বাতন্ত্র্য অর্থ প্রকাশ করে? [তথ্য মন্ত্রণালয়ের অধীন সহকারী পরিচালক (গ্রেড-২)ঃ ০৩]
ক. সাতেও না পাঁচেও না
খ. দা-কুমড়া
গ. সাপে-নেউলে
ঘ. আদায় কাঁচকলায়
উত্তরঃ ক

◆ কোন বাগধারা দ্বারা 'সুসময়ের বন্ধু' বোঝানো হয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ২০১২ মূলা]
ক. সাত সতেরো
খ. সুখের পায়রা
গ. ষোল আনা
ঘ. কোনোটিই নয়
উত্তরঃ খ

◆ 'মুখচোরা' বাগধারাটির অর্থ কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ২০১২ বর্ণমূলা]
ক. লাজুক
খ. ভীতু
গ. স্পষ্টভাষী
ঘ. বাচাল
উত্তরঃ ক

◆ অগস্ত্য যাত্রা বাগধারাটির অর্থ কি? [রেজিস্ট্রেশন পরিদর্শক সহকারী শিক্ষানবিশ পরীক্ষা ২০১৩]
ক. শুরুকরা
খ. তাড়াতাড়ি শেষ করা
গ. বিশ্রাম করা
ঘ. শেষ বিদায়
উত্তরঃ ঘ

◆ 'যার কোনো মূল্য নেই' –এর সমার্থক বাগধারা কোনটি ? [৭ম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১]
ক. ডাকা বুকো
খ. তুলসী বনের বাঘ
গ. কাঠের পুতুল
ঘ. ঢাকের বায়া
উত্তর: ঘ

◆ 'বিষ নেই তার কুলোপনা চক্কর' বাগধারাটির সঠিক অর্থ কোনটি ? [৭ম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১]
ক. যার কোনো ক্ষমতা নেই
খ. অন্তঃসার শূণ্য অবস্থা
গ. ক্ষমতাশালীর দম্ভ প্রকাশ
ঘ. অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন
উত্তর: ঘ

◆ 'অগস্ত্য যাত্রা' বাগধারাটির অর্থ কি? [বিশ্ববিদ্যালয়ের ক্লার্ক/টাইপিস্ট অ্যান্ড সিনিয়র টেস্ট/ডাটা এন্ট্রি অপারেটর ২০১২]
ক. শুরু করা
খ. তাড়াতাড়ি শেষ করা
গ. বিশ্বাস করা
ঘ. শেষ বিদায়
উত্তর: ঘ

◆ বাগধারার অর্থ নির্ণয় করুন : 'বক ধার্মিক'–[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক ২০১২]
ক. অতি ধার্মিক
খ. উচ্ছৃঙ্খল
গ. প্রাচীনপন্থী
ঘ. ভন্ড
উত্তর: ঘ

◆ 'কাষ্ঠ হাসি' বাগধারায় অর্থ হলো–[নিবন্ধিত মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]
ক. স্বেচ্ছাচারী
খ. বিত্তশালী
গ. শুকনো হাসি
ঘ. ভন্ড অর্থ
উত্তর:গ

Download from www.bdniyog.com

www.bdniyog.com

নিচের কোন বাগধারাটি ভিন্নার্থক? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১]
ক. সুখের পায়রা খ. শরতের শিশির
গ. দুধের মাছি ঘ. লক্ষ্মীর বরযাত্রী উত্তর: ক

কোন বাগধারা দ্বারা 'ভনিতা' বোঝানো হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২ - বেসরা]
ক. গনেশ উল্টান খ. গৌরচন্দ্রিকা
গ. কূপমন্ডুক ঘ. টইটুম্বুর উত্তরঃ খ

'কুল কাঠের আগুন' -এর প্রকৃত অর্থ কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২ - বেসরা]
ক. তীব্র জ্বালা খ. কাঠের পুতুল
গ. কূপমন্ডুক ঘ. এলাহী কান্ড উত্তরঃ ক

'নিরানব্বইয়ের ধাক্কা' বাগধারাটির অর্থ- [২৩তম বিসিএস/প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- কুলনা]
ক. তীরে পৌঁছার ঝুঁকি খ. সঞ্চয়ের প্রবৃত্তি
গ. মুমূর্ষু অবস্থা ঘ. আসন্ন বিপদ উত্তরঃ খ

'পটল তোলা' এই বাগধারাটির সঠিক অর্থ কোনটি? [গোপালগঞ্জ ইনস্টিটিউটের সহকারী পরিচালক (বেতার প্রকৌশল) ১ম নিয়োগ: ০৫]
ক. পটল গাছ হতে পটল তোলা খ. পটল খাওয়া
গ. পরীক্ষায় ফেল করা ঘ. মারা যাওয়া উত্তরঃ ঘ

নিচের বাগধারার কোন জোড়াটি ভিন্নার্থক? [চট্টগ্রাম জেলার শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. বকধার্মিক-বিড়াল তপস্বী খ. মণিকাঞ্চন যোগ-সোনায় সোহাগা
গ. ব্যাঙের আধুলি-ব্যাঙের সর্দি ঘ. অন্ধের যষ্টি-অন্ধের নড়ি উত্তর: গ

'বড়র পীরিত বালির বাঁধ' বাগধারাটির সঠিক অর্থ হচ্ছে -- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ১১]
ক. ভঙ্গুর খ. চাপের মুখে ভেঙ্গে যায়
গ. একতরফা ঘ. কোন বাধ্যবাধকতা নেই উত্তরঃ ক

'শিরে সংক্রান্তি' অর্থ কি? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১২ - খুলনা/পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং পরিবার কল্যাণ সহকারী ২০১১]
ক. মাথার বোঝা খ. মহাবিপদ
গ. আসন্ন বিপদ উত্তর: গ

উড়নচন্ডী : [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার-২০১৪]
ক. অমিতব্যয়ী খ. উচ্ছৃঙ্খল
গ. আবাধ্য ঘ. কাটা ঘুড়ি
ঙ. কোনোটিই নয় উত্তরঃ
[Note: উড়নচন্ডী-অতিমব্যয়ী, উচ্ছৃঙ্খল উভয় অর্থই নির্দেশ করে।]

বিড়াল তপস্বী: [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ্যাসিসটেন্ট অফিসার-২০১৪]
ক. ধার্মিক খ. ভণ্ড সাধু
গ. প্রাচীনপন্থী ঘ. ধর্মাবলম্বী
ঙ. কোনোটিই নয় উত্তরঃ খ

' কৌশলে কার্যোদ্ধার' কোনটির অর্থ? [পল্লী উন্নয়ন বোর্ডের ষষ্ঠ সংগঠক-২০১৪]
ক. গাছে তুলে মই কাড়া খ. ধরি মাছ না ছুঁই পানি
গ. এক ক্ষুরে মাথা মোড়ানো ঘ. আকাশের চাঁদ হাতে পাওয়া উত্তরঃ খ

অন্ধকার দেখা [দুর্নীতি দমন কমিশনে উপসহকারী পরিচালক ২০১০]
ক. দুর্লভ বস্তু খ. হতবুদ্ধি
গ. দৃষ্টি শক্তিহীন ঘ. স্বার্থে আঘাত লাগা উত্তর: খ

Download from www.bdniyog.com

◆ আকাশ ভেঙে পড়া [চিটি ঘর কর্মচার ইসলামী পরিবর্তন ২০১০]
ক. হঠাৎ বিপদ হওয়া খ. আশ্চর্য্য হওয়া
গ. মন্দ ভাগ্য ঘ. কঠিন পরীক্ষা

◆ শুকুনি মামা এর অর্থ [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল/সমপর্যায়-২)-২০১৪/রাজশাহী বোর্ড; ব্রহ্মপুত্র নিয়োগ পরীক্ষা ২০১০]
ক. কুৎসিত মামা খ. সৎ মামা
গ. কুচক্রী লোক ঘ. পাতানো মামা ঙ. আপন মামা

◆ 'ওজন বুঝে চলা' বাগধারার অর্থ- [টিগলো/ধানা নির্বাচন অফিসার ২০০৮]
ক.আত্মসম্মান রক্ষা করা খ. পক্ষপাতদুষ্ট
গ.পৃষ্ঠপোষককে সমর্থন ঘ. অন্যের অনুকরণ

◆ 'তাসের ঘর' এর অর্থ কি? [পরিবেশ পরিকল্পনা শিক্ষানিফো পরীক্ষা-২০১২ কিক]
ক. বিশৃঙ্খলা খ. এলোমেলো
গ. ক্ষণস্থায়ী ঘ. তাস খেলার ঘর

◆ 'কংস মামা' বলতে বুঝায়-[গ.গ. অধিদপ্তর হিসাব রক্ষক/হিসাব রক্ষক/কোষাধ্যক্ষ-২০১১]
ক. নির্দয় আত্মীয় খ. আপন মামা
গ. সৎ মামা

◆ কান ভারী করা শব্দদ্বয়ের অর্থ কী? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাব রক্ষক/হিসাব রক্ষক/কোষাধ্যক্ষ ২০১১]
ক. কানে পানি দেয়া খ. কানে ভার দেয়া
গ. কুপরামর্শ দেয়া

◆ গড্ডলিকা প্রবাহ এর সঠিক অর্থ কোনটি ? [রেজিস্ট্রার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা
ক. লভ ভভ হওয়া খ. স্বেচ্ছায় প্রবাহিত হওয়া
গ.অন্ধঅনুকরণ ঘ. কোনোটিই নয়

◆ 'পাথরে পাঁচ কিল' বাগধারাটির সঠিক অর্থ কি? [সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]
ক. অতিরিক্ত সুবিধা খ. সর্বস্বান্ত হওয়া
গ. সুখের সময় ঘ. ধাক্কা সামলানো

◆ কোন প্রবচনটি হতভাগ্য অর্থে ব্যবহৃত?[১ম বেসিক/জেলা দুর্নীতি দমন অফিসার ১৪]
ক. আট কপালে খ. উড়নচণ্ডী
গ. ছা-পোষা ঘ. ভূশণ্ডির কাক

◆ 'আক্কেল সেলামি'-এর প্রকৃত অর্থ কোনটি? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অ ২০১৪/জেটস সহকারী পরিচালক ২০০৯/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০০]
ক. অত্যন্ত বুদ্ধিমান খ. অতি চালাক
গ. হাঁদরাম ঘ. নির্বুদ্ধিতার দণ্ড

◆ ইঁদুর কপালে কী? [থাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. প্রবাদ খ. বাগধারা
গ. সমস্ত পদ ঘ. ব্যাসবাক্য

◆ 'আমড়া কাঠের ঢেঁকি' এর অর্থ কি? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/দূর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর সহকারী
ক. আমড়া খ. বাজে কাঠ
গ. অকেজো ঘ. বাজে ঢেঁকি

◆ 'উত্তম মধ্যম' বলতে কি বুঝায়? [বর্ষ শুরুলয়ের অফিস সহকারী ২০১১/ বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানি সহকারী ব্যবস্থাপক ২
ইকটিটিটের সহকারী পরিচালক [টিচি প্রশিক্ষণ]: ০৩]
ক. ব্যায়াম খ. মাঝামাঝি
গ. মাঝা ঘ. ৬পর-নিচে

www.boiyog.com
Download from www.boiyog.com

www.bdniyog.com

'ইঁদুর কপালে'- এর বিপরীত বাগধারা কোনটি? *(৩য় ক্লিক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১)/ ক্রেডিটার্স সেক্রেটারি প্রশিক্ষণ মহাপরিচালক মহোদয়ের শিক্ষক: ২০১১)- টাপ্তা/মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সহকারী অডিটর - ২০১১)/৬ষ্ঠ কেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১)*

ক. মন্দ ভাগ্য খ. ক্ষুদ্রায়তন কপাল
গ. ইদুরাকৃতির কপাল ঘ. হাস্যকর চেহারা **উত্তরঃ ক**

'ইঁদুর কপালে'- এর বিপরীত বাগধারা কোনটি? *(মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১)*

ক. অদৃষ্টের পরিহাস খ. অন্ধকার
গ. একাদশে বৃহস্পতি ঘ. কেউকেটা **উত্তরঃ গ**

একাদশে বৃহস্পতি কী? *[দাখিল কেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০১৪]*

ক. বাগধারা খ. এক কথায় উত্তর
গ. বাক্যসংকোচন ঘ. প্রবাদ **উত্তরঃ ক**

'একাদশে বৃহস্পতি' এর অর্থ কি? *(১৮তম বিসিএস/গুচ্ছভিত্তিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- ব্যাংকাই /দ্বিতীয় দফা মুদ্রে সহকারী টাপ্তারিন্টেন্ড : ০৪/ মূল অধিদপ্তর রেজিস্ট্রার: ০০)*

ক. আনন্দের কথা খ. দৌভাগ্যের বিষয়
গ. মজা পাওয়া ঘ. আনন্দের বিষয় **উত্তরঃ খ**

'একাদশে বৃহস্পতি' অর্থ- *[১০ম কেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]*

ক. সুসময় খ. দুঃসময়
গ. অলীক বস্তু ঘ. শেষ রক্ষা **উত্তরঃ ক**

'কূপমণ্ডূপ'- বার্গধারাটি দ্বারা কি বোঝায়? *(মূল ট্রেনিং অধিদপ্তরে সহকারী পরিচালক ১৪)*

ক. সীমিত জ্ঞানের মানুষ খ. বিশ্বাসপ্রবণ
গ. সাধারণ মানুষ ঘ. অলস **উত্তরঃ ক**

'কাকনিদ্রা' শব্দটির অর্থ কি? *(ক্রেডিটার্স কেসরকারি গুচ্ছভিত্তিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১)- ৩য় শ্রেণির কর্মচারী নিয়োগ ১ম পত্র ০১)*

ক. কাকের নিদ্রার ন্যায় খ. অগভীর সতর্ক নিদ্রা
গ. অনিষ্ট চিন্তা ঘ. কপট নিদ্রা **উত্তরঃ খ**

বাংলা বাগধারায় 'কাঠালের আমসত্ত্ব'-এর অর্থ কি? *(সমবায় অধিদপ্তরে ২য় শ্রেণীর পেজেন্টেড অফিসার ১৭)*

ক. বেমানান সজ্জা খ. অসম্ভব ব্যাপার
গ. বাজে কাজ ঘ. নাছোড়বান্দা **উত্তরঃ খ**

'গুড়ে বালি' কথাটির অর্থ- *(ইসলামী ব্যাংক সহকারী অফিসার প্রো-৫: ০৫)*

ক. বাতাসে বালি খ. আশায় নৈরাশ্য
গ. ভালোতে খারাপ ঘ. গোবরে পদ্মফুল **উত্তরঃ খ**

'গায়ে ফুঁ দিয়ে বেড়ান' বাগধারাটির অর্থ কি? *(পুলিশ ও সদৃশ বাহিনীর সহকারী পুলিশ সুপার, নেসেসারিজ এন্ড পলিসি ডিপার্টমেন্ট: ১৯)*

ক. আপন মনে বাদশাহী করা খ. কোন দায়িত্ব গ্রহণ না করা
গ. বোকার মত চলা ঘ. দাংগাবাজি করা **উত্তরঃ খ**

'তেলও কম ভাজাও মুচমুচে' বাগধারার বিশিষ্ট অর্থ - *(পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কার্যকর: ০১)*

ক. অভাবে সাচ্ছন্দ্য খ. অল্প উপকরণে ভাল ব্যবস্থা
গ. অল্পে সন্তুষ্ট ঘ. তেলে ভাজা **উত্তরঃ খ**

'ঝাঁকের কই' বাগধারাটির অর্থ- *[সমবায় কর্মকর্তা পদোন্নতি পরীক্ষা-০৯]*

ক. অসম্ভব চালাক খ. বর্ষকালীন মাছ
গ. একই দলের লোক ঘ. একতাই বল **উত্তরঃ গ**

Download from www.bdniyog.com

'ঠোট-কাটা' বলতে কি বোঝায়?(২০তম বিসিএস/ পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী-২০১৪/পল্লী উন্নয়ন বোর্ডের সংগঠক-২০১৪/ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী ২০১৩/ঢাকা হাসপাতালের অধীনে পুলিশ সহকারী সার্জন২০১/ক্ষতিপূরণ হাসপাতালে খাদ্য পরিদর্শক, সিলেট ইউনিয়ন্যারিং: ১৪)

www.bdniyog.com

ক. অহংকারী　　খ. স্পষ্টভাষী
গ. মিথ্যাবাদী　　ঘ. পক্ষপাতদুষ্ট

উত্তরঃ খ

'ডুমুরের ফুল' বলতে বোঝায়-(বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের অধীনে সহকারী বিক্রয়ের পরিদর্শক ০৩

ক. ডুমুর জাতীয় ফলের ফুল　খ. যে ফলের আসলে কোন ফুল হয় না
গ. বিরল বস্তু　　ঘ. যে ফুলের ভেতরে ফলটি থাকে

উত্তরঃ গ

'ঢাকের কাঠি' বাগধারার অর্থ - (২২তম বিসিএস/১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল/সমমর্যাদা) -২০১৪/ গ্রন্থাগিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- বরিশাল/ সিলেট/ উপ-বাদ্য পরিদর্শক নিয়োগ পরীক্ষা ২০১১/ গ্রন্থাগিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১/৫ম বি (সহকারী জজ) গ্রন্থাগিক পরীক্ষা ২০১০)

ক. বাহাদুরী　　খ. ঢোলবাদ্য
গ. বাদক　　ঘ. ক্ষমতাহীন লোক

উত্তরঃ খ

'ঢাকের কাঠি' এই বাগধারাটির সাথে কোন বাগধারাটির মিল আছে? (১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল/সমমর্যাদা) -২০১৪)

ক. তাসের ঘর　　খ. চোখের বালি
গ. গুড়ে বালি　　ঘ. খয়ের খাঁ

উত্তরঃ

যার কোন মূল্য নেই, তাকে বাগধারা দিয়ে প্রকাশ করলে কোনটা হবে? (১৪তম বিসিএস/ পরিবেশ অধিদপ্তর ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০১)

ক. ডাকাবুকা　　খ. তুলশী বনের বাঘ
গ. তামার বিষ　　ঘ. ঢাকের বাঁয়া

উত্তরঃ ঘ

কোন বাক্যে 'ঢাক ঢাক গুড় গুড়' প্রবাদটির বিশেষ অর্থ প্রকাশ পেয়েছে?(১৩তম বিসিএস/ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ে ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূ-পদার্থবিদঃ ৯৮/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক ১

ক. ঢাক ঢাক গুড় গুড় করে কি লাভ, কাজে লেগে যাও
খ. ঢাক ঢাক গুড় গুড় করে কি লাভ, আসল কথাটি বল
গ. ঢাক ঢাক গুড় করে কি লাভ, কি খাবে বলো
ঘ. ঢাক ঢাক গুড় গুড় করে কি লাভ, নিজের পায়ে দাঁড়াও

উত্তরঃ

'তাসের ঘর' অর্থ কি? (বাদ্য অধিদপ্তরের অধীনে বাদ্য পরিদর্শক: ০৩)

ক. বিশৃঙ্খলা　　খ. এলেমেলো
গ. তাস খেলার ঘর　　ঘ. ক্ষণস্থায়ী

উত্তরঃ

'দন্ত-ব-দন্ত' কথার অর্থ কি? (কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টরঃ ০৩)

ক. বন্ধু বনাম বন্ধু　　খ. হাতে-হাতে
গ. খেতে-খেতে　　ঘ. আস্তে-আস্তে

উত্তরঃ

'দুধের মাছি' বাগধারাটির অর্থ-(উপজেলা/থানা নির্বাচন অফিসার ২০০৮/কেরানীবাদ ও প্রশিক্ষণ পরিদর্শন পরিদপ্তরের সহকারী পরিদর্শক: ফরেনসিক অধিদপ্তরের অধীনে সহকারী পরিচালক: ০৫/ মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১)/ যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক: ১৪)

ক. দুধ খাওয়া মাছি　　খ. দুধে বসা মাছি
গ. সুসময়ের বন্ধু　　ঘ. অসময়ের বন্ধু

উত্তরঃ

'কৌশলে কার্যোদ্ধার'- কোনটির অর্থ? (১৮তম বিসিএস)

ক. গাছে তুলে মই কাড়া　　খ. এক ক্ষুরে মাথা মোড়ানো
গ. ধরি মাছ না ছুই পানি　　ঘ. আকাশের চাঁদ হাতে পাওয়া

উত্তরঃ

'পায়াভারী' কথাটির অর্থ কি? (বাদ্য অধিদপ্তরের অধীনে বাদ্য পরিদর্শক: ০৩)

ক. অহংকার　　খ. বেকায়দা

উত্তরঃ

Download from www.bdniyog.com

'ব্যাঙের সর্দি'- অর্থ কি? (২০তম বিসিএস)

ক. রোগ বিশেষ খ. সম্ভাব্য ঘটনা

গ. অসম্ভব ঘটনা ঘ. প্রতারণা উত্তরঃ গ

www.bdnijog.com

বাগধারা যুগলদের মধ্যে কোন জোড়া সর্বাধিক সমার্থবাচক? (১২তম বিসিএস/দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ১২)

ক. বক ধার্মিক, ভিজে বেড়াল খ. বক ধার্মিক, বিড়াল তপস্বী

গ. রুই-কাতলা, কেউ কেটা ঘ. অমাবস্যার চাঁদ, আকাশ কুসুম উত্তরঃ খ

'ভূষণ্ডির কাক' অর্থ কি? (২৩তম বিসিএস/ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট অফিসার -২০১৪/ ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ২০১১)

ক. ষড়যন্ত্রকারী খ. বাক সর্বস্ব

গ. দীর্ঘ প্রত্যক্ষমাণ ঘ. দীর্ঘায়ু ব্যক্তি উত্তরঃ ঘ

'কাক-ভূষণ্ডি-এর অর্থ কি? (পরিসংখ্যান ব্যুরো পরিসংখ্যান সহকারী পরীক্ষা-২০১২ খ্রি.)

ক. দীর্ঘায়ু ব্যক্তি খ. বাকসর্বস্ব

গ. ষড়যন্ত্রকারী ঘ. দীর্ঘ প্রতীক্ষমাণ উত্তরঃ

[**Note**: 'কাক-ভূষণ্ডি'র অর্থ হলো সম্পূর্ণ ভেজা। আর 'ভূষণ্ডির কাক-এর অর্থ দীর্ঘায়ু ব্যক্তি।]

কোন বাগধারাটির অর্থ চির অশান্তি? (৬ষ্ঠ কেরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১০)

ক. কুল কাঠের আগুন খ. তুষের আগুন

গ. রাবনের চিতা ঘ. কলির সন্ধ্যা উত্তরঃ গ

'রামগরুড়ের ছানা' কথাটির অর্থ- (২৩তম বিসিএস/প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার ও সহকারী কম্পিউটার প্রোগ্রামার ২০১৩/ জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা ২০১২)

ক. কাল্পনিক জন্তু খ. মুরগি

গ. গোমড়ামুখো লোক ঘ. পুরাণোক্ত পাখি উত্তরঃ গ

'শকুনি মামা' এর অর্থ কি? (মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০১)

ক. কুৎসিৎ মামা খ. সৎ মামা

গ. কুচক্রী মামা ঘ. পাতানো মামা উত্তরঃ গ

'সাক্ষী গোপাল' -- অর্থ কি? (পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী -২০১৪/৬ষ্ঠ মাধ্যমিক উপজেলা পরিষদ ২০১২/৭ম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১/দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ০৩)

ক. সক্রিয় দর্শক খ. নিষ্ক্রিয় দর্শক

গ. কর্তব্যবিমুখ ঘ. কর্তব্যপরায়ণ উত্তরঃ খ

বিশিষ্টার্থক বাক্যযুক্ত

সাধারণ অর্থের বাইরে যা বিশিষ্ট অর্থ প্রকাশ করে থাকে তাকে বলে—(১৩তম কেরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২)-২০১৪)

ক. বাগ্বিধি খ. সমার্থক শব্দ

গ. ভিন্নার্থক শব্দ ঘ. বিপরীতার্থক শব্দ উত্তরঃ ক

'আধেক' কথাটির শিষ্টরূপ কি? (নৌপরিবহন, বিজ্ঞান ও প্রযুক্তি, মহিলা ও শিশুবিষয়ক, তথ্য, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, কৃষি ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা এবং বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী -২০১৩)

ক. অর্ধেক খ. আধখানা

গ. অধুনা ঘ. অর্ধ উত্তরঃ ক

Download from www.bdnijog.com

www.bdnijog.com

◆ নিম্নের বাক্যসমূহের মধ্যে কোনটি বিশিষ্টার্থক বাক্যযুক্ত নির্দেশ করুন-(মাধ্যমিক ডুল সংশোধন প্রথম নিয়ন্ত্র
ক. বুড়ীর নাতিটা ছিল অন্ধের যষ্ঠি, সেও মারা গেল
খ. বাংলাদেশীরা আলস বলে পরিচিত
গ. সমুদ্রে লোনা পানির ঢেউ উঠেছে
ঘ. ঘাড়ে কিলিয়েও ওকে দিয়ে কাজ করাতে পারবে না
উত্তরঃ

◆ 'ঘাঘু' শব্দে বোঝায়? (প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সাইকার অফিসারঃ ৯৯)
ক. অভিজ্ঞ খ. দুর্বৃত্ত
গ. গোঁয়ার ঘ. সর্বাঙ্গে ঘা
উত্তরঃ

প্রবাদ ও প্রবচন

◆ 'গুণহীনের বৃথা আস্ফালন' – এর অর্থ নিচের কোন প্রবাদের সাহয্যে বোঝানো যায় ? (যশোর শিক্ষা বোর্ড নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১)
ক. আসলে মুষর নেই, ঢেঁকি ঘরে চাঁদোয়া
খ. অসারের তর্জন গর্জন সার
গ. কানা ছেলের নাম পদ্মলোচন
ঘ. ঘুঘু দেখেছ, ফাঁদ দেখনি
উত্তরঃ

◆ খাস তালুকের প্রজা প্রবাদটির অর্থ হলো (রাজশাহী ক্ষুদ্র উন্নয়ন ব্যাংকের সিনিয়র অফিসার নিয়োগ পরীক্ষা ২০১০)
ক. নিঃস্ব ব্যক্তি খ. সৎ ব্যক্তি
গ. তোষামোদকারী ঘ. খুব অনুগত ব্যক্তি
ঙ. অসৎ ব্যক্তি
উত্তরঃ

◆ 'পড়েছি মোগলের হাতে খানা খেতে হবে সাথে' -এর অর্থ কি? (পাবলিক বিশ্ববিদ্যালয় সিলেকশন নিয়োগ পরীক্ষা চট্টগ্রাম)
ক. ভদ্র ব্যক্তির সাথে খাদ্য খাওয়া খ. মোগলের সাথে বসে খাদ্য খাওয়া
গ. সুদিন হঠাৎ করে ফিরে আসা ঘ. বিপদে পড়ে কাজ করা
উত্তরঃ

◆ 'সময়ে কাজে না লাগালে অসময়ে পথে ফেরানো কঠিন'-এই অর্থের সাথে প্রযোজ্য প্র
কোনটি? (৮ম ফেব্রুয়ারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২)
ক. নির্গুণ পুরুষের ভোজন সার, করেন সদাই মার মার
খ. উঠন্তি মূলো পত্তনেই চেনা যায়
গ. নদী, নারী, শৃঙ্গধারী-এ তিনে না বিশ্বাস করি
ঘ. কাঁচায় না নোয়ারে বাঁশ, পাকলে করে ঠাস ঠাস
উত্তরঃ

◆ কোন প্রবচন বাক্য ব্যবহারিক দিক হতে সঠিক? (১০ম বিসিএস/ শ্রম অধিদপ্তরের অধীনে শ্রম অফিসারঃ ৯
ক. যত গর্জে তত বৃষ্টি হয় খ. নাচতে না জানলে উঠোন ভাঙা
গ. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট ঘ. যেখানে বাঘের ভয় সেখানে রাত হয়
উত্তরঃ

◆ 'অল্প বিদ্যা ভয়ঙ্করী' - কোন শ্রেণীর অন্তর্গত? (বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন অধিকারিক (গ্রেড ২)ঃ ০৬)
ক. বাগধারা খ. প্রবাদ
গ. বিশিষ্টার্থক শব্দ ঘ. বাগবিচিত্রা
উত্তরঃ

◆ 'অতি দর্পে হত লঙ্কা' কোন ধরনের বাক্য? (বাংলাদেশ টেলিভিশনের অডিয়েন্স রিসার্চ অফিসার ঃ ০৬)
ক. প্রচলিত খ. ধর্মকথা
গ. খনার বচন ঘ. প্রবাদ
উত্তরঃ

Download from www.bdnijog.com

www.bdniyog.com

'উভয় কুল রক্ষা' অর্থে ব্যবহৃত প্রবচন কোনটি? *(১০ম বিসিএস)*
ক. চাল না চুলো, ঢেকী না কুলো খ. কারো পৌষ মাস, কারও সর্বনাশ
গ. বোঝার উপর শাকের আঁটি ঘ. সাপও মরে, লাঠিও না ভাঙ্গে
উত্তরঃ ঘ

'কত ধানে কত চাল' বাগধারাটির অর্থ- *(যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক: ১১)*
ক. হিসাব নেওয়া খ. পরিমাণ জানা
গ. ষড়যন্ত্র করা ঘ. টের পাওয়ানো
উত্তরঃ ঘ

'জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ' কথাটি কি অর্থে ব্যবহৃত হয়? *(সোনালী ব্যাংক, অফিসার ও কম্পিউটার অপারেটর: ০৮)*
ক. ভাগ্য চিরসঙ্গী খ. ছোটবড় যাবতীয় কাজ করা
গ. কারও সুসময়, কারও দুঃসময় ঘ. সুযোগের সদ্ব্যবহার করা
ঙ. কোনটিই নয়
উত্তরঃ খ

'ঝিকে মেরে বৌকে শেখানো-' বাক্যটির অর্থ কি? *(পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর: ০২)*
ক. বৌ ও ঝিকে একই সাথে মারা
খ. একজনকে বকা দিয়ে অপরকে শিক্ষা দেয়া
গ. কাজের মেয়েকে শাস্তি দিয়ে স্ত্রীকে শেখানো
ঘ. স্ত্রীকে কিছু না বলে মেয়েকে মারা
উত্তরঃ খ

'ধরি মাছ না ছুঁই পানি'- এটি হলো-*(মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সহকারী অডিটর ২০১১/পাবলোখেলা অধিদপ্তর সহকারী হিসাব রক্ষিকঃ ০৫)*
ক. বচনের বচন খ. প্রবাদ বাক্য
গ. কবিতার চরণ ঘ. বাগধারা
উত্তরঃ খ

"পাপের ধন প্রায়চিত্তে যায়"-এই প্রবাদটির অর্থ কি? *(শ্রম অধিদপ্তরের অধীনে শ্রম অফিসারঃ ৯৬)*
ক. বোঝার উপর শাকের আটি খ. যে দামে কেনা সেই দামে বিক্রি
গ. নাচতে জানলে উঠান বাঁকা ঘ. যম, জামাই, ভাগিনা-এই তিন নয় আপনা

"বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে" উক্তিটির প্রকৃত তাৎপর্য হচ্ছে -*(১০ম বিসিএস/ কম্পিউটার অপারেটর ও ইনস্ট্রাক্টর অধিদপ্তরের সহকারী পরিচালক: ০০/ কৃ-অভিযোগ অধিদপ্তরের সহকারী কৃ-পদার্থবিদ: ১৮/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক: ১২)*
ক. বনের পশু বনে থাকতেই ভালবাসে
খ. আদিবাসী মানুষ অরণ্য জনপদে বাস করে
গ. জীববমাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর
ঘ. প্রকৃতির রূপ-সৌন্দর্য আদি ও অকৃত্রিম
উত্তরঃ গ

'যদি হয় সুজন, তেঁতুল পাতায় ন জন'-প্রবচনটির অর্থ কি?*(জগন্নাথ বিদ্যালয় সহকারী শিক্ষক, নন ক্যাডার: ০৮)*
ক. সৃজনেরা তেঁতুল পছন্দ করে
খ. আসলে মোঘল নেই, ঢেকি করে চাদোয়া
গ. মিলে মিশে কাজ করলে অসম্ভবকে সম্ভব করা যায়
ঘ. সজনে ডাটায় নুন জোটেনা, মগুর ডালে ঘি
উত্তরঃ গ

Download from www.bdniyog.com

www.boiyog.com

শব্দের বিভিন্ন প্রয়োগ

হাত

হাত আসা (দক্ষতা)	ঃ	কাজ করতে করতেই কাজে হাত আসবে।
হাতে আসা (আয়ত্ত হওয়া)	ঃ	ডায়মন্ডটি এখনও হাতে আসেনি ।
হাত করা (আয়ত্তে আনা)	ঃ	সাহেবকে হাত করতে পারলেই কাজ হবে।
হাত গুটান (কার্যে বিরতি)	ঃ	হাত গুটিয়ে বসে আছ কেন?
হাত ছাড়া (হস্তচ্যুত)	ঃ	টাকাগুলো হাত ছাড়া করো না।
হাত থাকা (প্রভাব)	ঃ	এ ব্যাপারে আমার কোনো হাত নেই।
হাতের পাঁচ (শেষ সম্বল)	ঃ	এ টাকা কটিই ছিল আমার হাতের পাঁচ।
হাতে হাতে (অবিলম্বে)	ঃ	এ কাজের হাতে হাতে ফল পাবেন।
হাতে খড়ি (বিদ্যারম্ভ)	ঃ	এ মাসেই খোকার হাতে খড়ি হবে।
হাতে কলমে (কার্যকর ভাবে)	ঃ	হাতে-কলমে শিক্ষা কেতাবি শিক্ষার চেয়ে দীর্ঘস্থায়ী।
হাত-ভারি (কৃপণ)	ঃ	তার মত হাত-ভারি লোকের কাছে চাঁদা চেয়ে কী লাভ?
হাতটান (চুরির অভ্যাস)	ঃ	কাজের ছেলেটির হাতটান আছে।

মুখ

মুখ রক্ষা (সম্মান বাঁচানো)	ঃ	এ ছেলে বংশের মুখ রক্ষা করবে।
মুখ করা (গাল মন্দ করা)	ঃ	শুধু শুধু ছেলেটাকে মুখ করছ কেন?
মুখ ছুটা (গালিগালাজের আরম্ভ)	ঃ	এ বার গিন্নির মুখ ছুটেছে ।
মুখ ধরা (মুখের স্বাদ নষ্ট হওয়া)	ঃ	টক খেয়ে মুখ ধরে আসছে।
মুখ তুলে চাওয়া (অনুগ্রহ করা)	ঃ	খোদা মুখ তুলে চাইলে অবশ্যই ব্যবসায়ে লাভ হবে।
মুখ (শক্তি)	ঃ	যত বড় মুখ নয় তত বড় কথা ।

মাথা

মাথা ধরা	রোগ বিশেষ	মাথাপিছু	জনপ্রতি
মাথা ব্যথা	আগ্রহ	মাথা কাটা যাওয়া	সম্মানহানি
মাথা খাওয়া	সর্বনাশ করা	মাথা হেঁট করা	লজ্জায় মাথা নিচু করা
মাথা খাওয়া	শপথ করা	মাথা উঁচু করে চলা	গর্বভরে চলা
মাথা দেওয়া	দায়িত্ব গ্রহণ	মাথা গরম করা	রাগান্বিত হওয়া
মাথা ঘামানো	ভাবনা করা	রাগের মাথায়	হঠাৎ ক্রোধবশত
মাথা খাটানো	বুদ্ধি খাটানো	গাঁয়ের মাথা	মোড়ল
মাথায় হাত বুলানো	আদর দেওয়া	রাস্তার মাথায়	মিলন স্থলে

পা

পায়ে পড়া	ক্ষমা প্রার্থনা করা	পা চালানো	দ্রুত যাওয়া

কাঁচা

কাঁচা আম	অপরিপক্ক আম	কাঁচা খাতা	খসড়া
কাঁচা কথা	গুরুত্বহীন কথা	কাঁচা ইট	অদগ্ধ ইট
কাঁচা ঘুম	সামান্য ক্ষণের ঘুম	কাঁচা চুল	কাল চুল
কাঁচা বয়স	অপরিণত বয়স	কাঁচা সোনা	নিখাদ স্বর্ণ
কাঁচা লোক	আনাড়ী	কাঁচা কাজ	অনিপুণ ভাবে

Downloaded from www.boiyog.com

পাকা			
পাকা কথা	শেষ সিদ্ধান্তসূচক	পাকা আম	পক্ক
পাকা রং	স্থায়ী রং	পাকা কাজ	নিপুন কাজ
পাকা বন্দোবস্ত	স্থায়ী ব্যবস্থা	পাকা হাত	দক্ষ লেখক
পাকা বাড়ি	ইটের বাড়ি	পাকা রাঁধুনি	দক্ষ রাঁধুনি

রোগ			
রোগ ধরা	রোগ নির্ণয়	রোগে ধরা	রোগাক্রান্ত হওয়া

বড়			
বড় মন	উদার	বড় ঘর	সম্ভ্রান্ত পরিবার
বড়লোক	ধনী	বড় মুখ/ গলা	গর্ব করে বলা

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

নিচের কোন শব্দটি রোগ অর্থে ব্যবহৃত হয়েছে? [যমুনা নিকেতন ও হোস্টেল পরীক্ষা- ২০১১]

ক. মাথা ব্যথা খ. মাথা ঘামান
গ. মাথা ধরা ঘ. মাথা দেয়া
উত্তর: গ

"তুমি না সেদিন বাড়ী গিয়েছিলে?"– এখানে 'না' কেন অর্থে ব্যবহৃত? [দ্বিতীয় সাধারণ উপবৃত্তি পরীক্ষা ২০১০]

ক. সন্দেহ খ. বিস্ময়
গ. অনুমান ঘ. নিশ্চয়তা
উত্তর:ঘ

'এই ব্যাপারে তোমার কোন হাত নাই'– এখানে 'হাত' কি অর্থে ব্যবহৃত হয়েছে? [ঢাকা বোর্ড এসএসসি উচ্চমাধ্যমিক পরীক্ষা ২০১০]

ক. যশ খ. কর্তৃত্ব
গ. জ্ঞান ঘ. অভিজ্ঞতা
উত্তর:খ

'পাণিগ্রহণ' কথাটি যা গ্রহণ থেকে এসেছে- [সিলেট বোর্ড এসএসসি পরীক্ষা-২০১৩]

ক.মালা খ.ফুল
গ. বীণা ঘ. হাত
উত্তর:ঘ

'ডালে ডালে কুসুম ভার'-এখানে 'ভার' কোন অর্থ প্রকাশ করেছে? [পাবলিক পরীক্ষায় ব্যবহৃত ব্যাচ মডেল প্রশ্ন ডিপার্টমেন্ট অব এডুকেশন ২০১১]

ক. বোঝা খ. সমূহ
গ. উজ্জ্বল
উত্তর: খ

নিচের কোন শব্দটি 'দক্ষ' অর্থে ব্যবহৃত হয়েছে? [যশোর বোর্ড এসএসসি পরীক্ষা ২০১২]

ক. পাকা আম খেতে মিষ্টি খ. ছেলেটি অংকে পাকা
গ. পাকা সোনায় খাদ থাকে না ঘ. শাড়িটির রং পাকা
উত্তর: খ

'হাত-ভারি' বাগধারার অর্থ- [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট পরীক্ষা -২০১৪/ঢাকা বোর্ড এসএসসি পরীক্ষা ২০১৩. ঢাকা বোর্ড এসএসসি পরীক্ষা ২০১২. ঢাকা বোর্ড এসএসসি পরীক্ষা ২০১১/ যশোর বোর্ড এসএসসি পরীক্ষা ২০০৭]

ক. দাতা খ. কম খরচে
গ. দরিদ্র ঘ. কৃপণ
উত্তর: ঘ

'হাতের পাঁচ- এর সঠিক অর্থ কোনটি? [ঢাকা বোর্ড এসএসসি পরীক্ষা ২০১১. সিলেট বোর্ড এসএসসি পরীক্ষা ২০১০]

ক. নিকট জন খ. পরমাত্মীয়
গ. বন্ধু ঘ. শেষ সম্বল
উত্তর: ক

Download from www.bdniyog.com

www.bdnijog.com

◆ 'কার মাথায় হাত বুলিয়েছে' এখানে 'মাথা' শব্দের অর্থ (২৫তম বিসিএস)
ক. স্বভাব নষ্ট করা
খ. স্পর্ধা বাড়া
গ. ফাঁকি দেওয়া
ঘ. কোনো উপায়ে
উত্তরঃ গ

◆ কোন বাক্যে 'মাথা' শব্দটি বুদ্ধি অর্থে ব্যবহৃত? (১০ম বিসিএস/ শ্রম অধিদপ্তরের অধীন শ্রম অফিসার: ১৬)
ক. তিনিই সমাজের মাথা
খ. মাথা খাটিয়ে কাজ করবে
গ. মাথা নেই তার মাথা ব্যাথা
ঘ. লজ্জায় আমার মাথা কাটা গেল
উত্তরঃ খ

◆ "সে তোমার মাথা খেয়েছে।"- এ বাক্যে খাওয়ার অর্থ কি?(কারিগরি শিক্ষা অধিদপ্তরে চীফ ইন্সট্রাক্টর:০৩)
ক. মস্তক কামড়ে খাওয়া
খ. সর্বনাশ করা
গ. পাগলামি করা
ঘ. মাথায় আঘাত করা
উত্তরঃ খ

◆ 'তিনি এ গ্রামের মাথা।' এ বাক্যে 'মাথা' বলতে কি বুঝানো হয়েছে?
ক. মস্তক
খ. প্রধান
গ. সাধু
ঘ. সৎ
(দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো সহকারী পরিচালক: ০১)
উত্তরঃ খ

◆ "যত বড় মুখ নয় তত বড় কথা" -- এখানে 'মুখ' বলতে কী বোঝাচ্ছে? (১ম বিসিএস/ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড অফিস সহকারী ২০১২)
ক. অনুভূতি
খ. গ্লানি
গ. প্রকাশ
ঘ. শক্তি
উত্তরঃ ঘ

◆ 'মুখ তোলা' বাক্যাংশের বিশিষ্ট অর্থ কি?(গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে থানা প্রকৌশলী, সিভিল ইঞ্জিনিয়ারিং: ১১)
ক. নিজের মুখ উপরে তোলা
খ. অন্যের মুখ তুলে ধরা
গ. নষ্ট করা
ঘ. প্রসন্ন হওয়া
উত্তরঃ ঘ

◆ 'পঞ্চমুখ' কথাটির অর্থ হলো- (তথ্য মন্ত্রণালয়ের অধীনে তথ্য অফিসার: ০৫)
ক. পাঁচ জনের প্রশংসিত মুখ
খ. পাঁচটি মুখের সমাহার
গ. প্রশংসায় মুখরিত হওয়া
ঘ. উপরের কোনোটিই নয়
উত্তরঃ গ

◆ 'পা চালাও' বলতে বোঝায়--- (প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে সহকারী অফিসার: ১১)
ক. লাথি মারো
খ. পায়ের কাজ করো
গ. দ্রুত চলো
ঘ. পা কাজে লাগাও
উত্তরঃ গ

◆ কোন বাক্যে 'পা' শব্দটি অবজ্ঞার্থে ব্যবহৃত? (আবহাওয়া অধিদপ্তরের অধীনে সহকারী আবহাওয়াবিদ: ১৫)
ক. ভাই, কারো পায়ে ধরো না
খ. উপোস করবো তবু কারো পা চাটবো না
গ. হাতের লক্ষ্মী পায়ে ঠেলো না
ঘ. বড় সাহেবের পায়ে তেল দিয়ে সে প্রমোশন পেল
উত্তরঃ গ

◆ কোন্‌টির অর্থ পক্ক অর্থে প্রকাশ পায়? (২৬তম বিসিএস)
ক. পাকা বাড়ি
খ. পাকা রং
গ. পাকা কাজ
ঘ. পাকা আম
উত্তরঃ ঘ

◆ কোন বাক্যে 'বড়' শব্দটি 'ধনী' অর্থে ব্যবহৃত হয়েছে?(আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ:০০)
ক. সেলিম সাহেব একজন বড়লোক
খ. সেলিম সাহেব বড় ঘরে বিয়ে করেছেন
গ. সেলিম সাহেব বড় মনের অধিকারী
ঘ. সেলিম সাহেব বড় ভাল মানুষ
উত্তরঃ ক

◆ কোন বাক্যে 'ছাড়া' শব্দটি ত্যাগ করা ব্যবহৃত হয়েছে? (পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার কর্মকর্তা: ১৫)
ক. আমি ভাই হাল ছেড়ে দিয়েছি
খ. ঝগড়া করে শিকদার সাহেব চাকুরী ছেড়েছেন
গ. ঘাম দিয়ে জ্বর ছেড়েছে
ঘ. ঝর্ণা গলা ছেড়ে গান গাচ্ছে
উত্তরঃ খ

Download from www.bdnijog.com

www.bdniyog.com

♦ সাহায্যের অভাবে স্কুলটি উঠে গেছে' বাক্যে 'উঠে' শব্দের অর্থ- [পাসপোর্ট ইন্সটিটিউটের সহকারী পরিচালক (বেতন গ্রেড-৯) পদের লিখিত পরীক্ষা: ০৩]

ক. ভেঙে পড়া
খ. বন্ধ হওয়া
গ. স্থানান্তরিত হওয়া
ঘ. উন্নতি করা

উত্তরঃ খ

শব্দার্থ

♦ পুষ্পারতি শব্দের অর্থ- [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক ২০১৩]

ক. ফুলের ক্রন্দন
খ. ফুলের ডানা
গ. ফুলের মালা
ঘ. ফুলের নিবেদন

উত্তরঃ ঘ

♦ 'ফরমান' শব্দের অর্থ কি ? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক ২০১৩]

ক. বিবর
খ. খবর
গ. বর্বর
ঘ. গহ্বর

উত্তরঃ খ

♦ সম্মাজনী শব্দের অর্থ-[পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]

ক. ভাতা
খ. সম্মানী
গ. ঝাড়
ঘ. সম্মানসূচক উপহার

উত্তরঃ গ

কবিতায়/গদ্যে শব্দার্থ

♦ 'আ মরি বাংলা ভাষা'-এ চরণে 'আ' দ্বারা কী প্রকাশ পেয়েছে? [জুডিশিয়াল সার্ভিস কমিশন গৃহীত জজ ৯ম বিজেএস (সহকারী জজ) প্রাথমিক পরীক্ষা -২০১৪]

ক. আশাবাদ
খ. আবেগ
গ. আনন্দ
ঘ. আনুগত্য

উত্তরঃ গ

♦ 'সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন।'-এখানে 'আপে' অর্থ কী? [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের জ্যুনিয়র ট্রেনিং ম্যানেজার -২০১৪]

ক. আগে
খ. সম্পূর্ণ
গ. স্বয়ং
ঘ. পুরোপুরি

উত্তরঃ গ

[আবদুল হাকিমের 'বঙ্গবাণী' কবিতার একটি চরণ হলো- সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন'। এখানে 'আপে' কথাটির অর্থ হলো-স্বয়ং।]

♦ তুমি না সেদিন আবৃত্তি করেছিলে? এখানে 'না' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন)-২০১৩]

ক. সন্দেহ
খ. বিস্ময়
গ. অনুমান
ঘ. নিশ্চয়তা

উত্তরঃ ঘ

Download from www.bdniyog.com

www.bdnijog.com

সমার্থক শব্দ

◈ সমার্থক শব্দ ব্যবহার করলে – [৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]
ক. শব্দ ভান্ডার সমৃদ্ধ হয় খ. শব্দার্থ পরিবর্তিত হয়
গ. শব্দার্থের অবনতি ঘটে ঘ. শব্দ ভান্ডার হ্রাস পায়
উত্তরঃ ক

মূল শব্দ	সমার্থক বা একার্থক শব্দ বা প্রতিশব্দ
পৃথিবী	ক্ষিতি, ভূ, অবনী, বসুমতী, ধরা, ধরণী, ধরিত্রী, বসুন্ধরা, মেদিনী, বসুধা, মহী, উর্বী, পৃথী, ভুবন, জগৎ, অদিতি
সূর্য	আদিত্য, তপন, দিবাকর, ভাস্কর, ভানু, মার্তণ্ড, রবি, সবিতা, আদিত্য, অর্ক, কিরণমালী, বিভাকর, বিভাবসু, বিবস্বান, মিহির, আফতাব
চাঁদ	ইন্দু, কুমুদিনীনাথ, চন্দ্র, চন্দ্রমা, সুধাংশু, হিমাংশু, হিমাকর, শীতাংশু, বিধু, নিশাপতি, নিশাকর, সুধাকর, শশধর, শশাঙ্ক, শশী, সোম, মৃগাঙ্ক, দ্বিজরাজ, রজনীকান্ত, শীতকর, কলানাথ, কলানিধি,

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

◈ 'শশাঙ্ক' শব্দের সঠিক অর্থ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা: ২০১৫/মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রণে কর্মরতদের অর্থন মিটার ২০১১/বাদ্য অধিদপ্তরে বাদ্য পরিদর্শক ০৯]
ক. খরগোস খ. সমুদ্র
গ. সূর্য ঘ. চাঁদ
উত্তরঃ ঘ

◈ সমার্থক শব্দ ব্যবহার করলে বাক্যের- [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. অর্থ পরিবর্তিত হয় খ. অর্থের অবনতি ঘটে
গ. সৌন্দর্য বৃদ্ধি পায় ঘ. সৌন্দর্য হ্রাস পায়
উত্তরঃ গ

◈ শশাংক এর প্রতিশব্দ কোনটি? [কারাগার মুদ্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক ২০১৩]
ক. খরগোশ খ. সমুদ্র
গ. চন্দ্র ঘ. কপাল
উত্তরঃ গ

◈ 'চন্দ্র' এর সমার্থক শব্দ নয়-[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- রাজশাহী]
ক. অদ্রি ঘ. হিমকর
গ. নিশাকর ঘ. চাঁদ
উত্তরঃ ক

◈ 'পর্বত' এর সমার্থক শব্দ নয় কোনটি? [১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমমর্যাদা ২) -২০১৪]
ক. শৈল খ. অদ্রি
গ. মেদিনী ঘ. অচল
উত্তরঃ গ

◈ 'পৃথিবী' শব্দের সমার্থক নয়- [৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]
ক. পৃথ্বী খ. মেদিনী
গ. প্রাণদ ঘ. ধরিত্রী
উত্তরঃ গ

◈ 'পৃথিবী'-এর সমার্থক শব্দ নয় কোনটি? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমমর্যাদা-২)-২০১৪: পরিবর্ত পরিবহন অধিদপ্তর ড্রাইভিং লাইসেন্স সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০১১]
ক. ভূধর খ. অবণী
গ. ধরিত্রী ঘ. ধরণী
উত্তরঃ ক

Download from www.bdnijog.com

www.bdniyog.com

কোনটি 'পৃথিবী ' শব্দের সমার্থক শব্দ? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট নিয়োগ পরীক্ষা-২০১২ সংশোধিত/ঘশা]

ক. বসুধা খ. সবিতা
গ. মিহির ঘ. ভূধর
উত্তরঃ ক

'মার্তন্ড' শব্দের অর্থ কি? [দিনাজপুর জিলা স্কুলের ইংরেজি প্রধান শিক্ষক (নিয়োগ) ২০১১]

ক. সূর্য খ. মরুভূমি
গ. চন্দ্র ঘ. আকাশ
উত্তর: ক

'সূর্য' এর প্রতিশব্দ নয় কোনটি? [রেজিস্ট্রেশন ডিপার্টমেন্ট পরীক্ষা নিয়ন্ত্রণ পরীক্ষা ২০১৩]

ক. দিবাকর খ. বিভাবসু
গ. হিমকর ঘ. দিনকর
উত্তরঃ ক

'মেদিনী' শব্দের সমার্থক শব্দ নিচের কোনটি? [পরিবার কল্যাণ পরিদর্শিকা পদের লিখিত পরীক্ষা ২০১০/ছাত্র উপদেষ্টার ছাত্র সংসদ ১৯]

ক. আকাশ খ. পৃথিবী
গ. সমুদ্র
উত্তর: খ

'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [৩৩তম বিসিএস]

ক. নীর খ. পৃথী
গ. ক্ষিতি ঘ. অবনী
উত্তর: খ

'বসুমতী' শব্দটির একার্থক কোনটি? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক ১৮]

ক. পত্রিকা খ. পার্থিব
গ. সুমতি ঘ. মেদিনী
উত্তরঃ ঘ

'বসুমতী' শব্দটির সমার্থক শব্দ- [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ০৫-০৬]

ক. ধরিত্রী খ. ফুল
গ. কানন ঘ. নগ
উত্তরঃ ক

'মহী' শব্দের অর্থ- [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ০৫-০৬]

ক. রাত খ. মাতা
গ. ধরা ঘ. শিলা
উত্তরঃ গ

ব্যাখ্যাঃ 'পৃথিবী' এর সমার্থক শব্দ মহী, ধরা।

'ক্ষিতিতল' শব্দের অর্থ কি? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক ১৮]

ক. কেঁচো খ. নাক্ষত্র
গ. ভূতল ঘ. নভোতল
উত্তরঃ গ

ব্যাখ্যাঃ যেহেতু ক্ষিতি = ভূ , অতএব ক্ষিতিতল = ভূতল ।

'আফতাব' শব্দের সমার্থ কোনটি? [৩৩তম বিসিএস]

ক. অর্ণব খ. রাতুল
গ. অর্ক ঘ. জলধি
উত্তরঃ গ

'সূর্য ' এর প্রতিশব্দ- [৩৪তম বিসিএস/ ৬৪ বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রভাষক পরীক্ষা ২০১০/ সহকারী জজ নিয়োগ টেস্ট-২০০৭/সহকারী জজ নিয়োগ টেস্ট ০৭]

ক. সুধাংশু খ. শশাংক
গ. বিধু ঘ. আদিত্য
উত্তরঃ ঘ

'সূর্য' শব্দের প্রতিশব্দ কি? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান এসিস্টেন্ট পরিক্ষার -২০১৪/ জনপ্রশাসন পত্রী টেলিফোন বোর্ডে সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৩]

ক. আদিত্য খ. শশাঙ্ক
গ. বিধু ঘ. সুধাংশু
ঙ. কোনোটিই নয়

উত্তরঃ ক

Download from www.bdniyog.com

www.bdniyog.com

◆ সূর্য-এর প্রতিশব্দ কোনটি? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর-২০১৪]
ক. সুধাংশু খ. শশাঙ্ক
গ. বিধু ঘ. ভানু
উত্তরঃ ঘ

◆ কোনটি 'সূর্য' এর সমার্থক শব্দ নয়? [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক. তপন খ. প্রভাকর
গ. অর্ক ঘ. অর্ণব
উত্তরঃ ঘ

◆ নিচের কোনটি সূর্যের প্রতিশব্দ? [সড়ক ও জনপথ অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী ২০১০/প্রাথমিক কর্মকর্তা ও হিসাবরক্ষক পদের কর্মকর্তা ০৪]
ক. সবিতা খ. অবনী
গ. সুধাকর ঘ. কলানিধি
উত্তরঃ ক

◆ 'সূর্য' এর সমার্থক শব্দ- [কেরানীগঞ্জ বিশ্ববিদ্যালয়ভর্তীপরীক্ষা ০৫-০৬]
ক. বিবস্বান খ. মরুৎ
গ. উরগ ঘ. ক্ষিতি
উত্তরঃ ক

◆ 'সূর্য' এর সমার্থক প্রতিশব্দ- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ভর্তীপরীক্ষা ০৫-০৬]
ক. হিরণ খ. দ্যুলোক
গ. মিহির ঘ. ধরিত্রী
উত্তরঃ গ

◆ কোনটি সূর্যের সমার্থ শব্দ? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ভর্তীপরীক্ষা ০৫-০৬]
ক. দিনেশ খ. অবনী
গ. কলানিধি ঘ. বিভাবসু
উত্তরঃক,ঘ

◆ 'চাঁদ' এর সমার্থক শব্দ- [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল/সমপর্যায়)-২০১৪; চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ০৫-০৬]
ক. যামিনী খ. বিধু
গ. তটিনী ঘ. ঊর্মি
উত্তরঃ খ

◆ 'চাঁদ' এর সমার্থক শব্দ- [কেরানীগঞ্জ বিশ্ববিদ্যালয়ভর্তীপরীক্ষা ০৫-০৬]
ক. ভানু খ. নিশীথিনী
গ. কোমলকান্ত ঘ. রজনীকান্ত
উত্তরঃ ঘ

◆ কোনটি 'চন্দ্র' শব্দের সমার্থক? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ভর্তীপরীক্ষা ০৫-০৬]
ক. আদিত্য খ. সুধাকর
গ. অম্বর ঘ. বহ্নি
উত্তরঃ খ

◆ কোনটি চাঁদের সমার্থ শব্দ নয়? [শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ভর্তীপরীক্ষা ০৫-০৬]
ক. রজনীকান্ত খ. ইন্দু
গ. শীতকর ঘ. সবিতা
উত্তরঃ ঘ

মূল শব্দ	সমার্থক বা একার্থক শব্দ বা প্রতিশব্দ
পিতা	আব্বা, জনক, বাবা
মাতা	গর্ভধারিণী, প্রসূতি, মা, জননী
পুত্র	ছেলে, তনয়, নন্দন, সুত, আত্মজ
কন্যা	মেয়ে, তনয়া, নন্দিনী, সুতা, দুহিতা, আত্মজা, দুলালী
স্বামী	নাথ, কান্ত, দয়িত
স্ত্রী	ভার্যা, পত্নী, সহধর্মিণী, অর্ধাঙ্গিনী, দার, কলত্র, বনিতা, কান্তা
রাজা	নরেন্দ্র, নরেশ, নৃপতি, নরপতি, ভূপতি, ভূপাল
নারী	অবলা, কামিনী, রামা, অঙ্গনা, ভামিনী, মহিলা, স্ত্রীলোক, রমণী

Download from www.bdniyog.com

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

www.bdniyog.com

◆ 'স্বামী' শব্দের প্রতিশব্দ কোনটি? [সোনালী ব্যাংক লিমিটেড পরীক্ষা-২০১৩]
ক. কান্ত খ. দয়িত
গ. নাথ ঘ. ক, খ, গ সবগুলোই
ঙ. কোনটিই নয় **উত্তরঃ ঘ**

◆ 'নারী' এর সমার্থক শব্দ কোনটি? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার-২০১২]
ক. মহিলা খ. জননী
গ. গর্ভধারিণী ঘ. মাতা **উত্তর: ক**

◆ 'নন্দিনী'-এর প্রতিশব্দ কোনটি? [পল্লী উন্নয়ন বোর্ড-এর মাঠকর্মী-২০১৪/ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপ-আঞ্চলিক ব্যবস্থাপক ২০১৩/উপ-বাদ্য পরিদর্শক নিয়োগ পরীক্ষা ২০১১, দুর্নীতি দমন ব্যুরোর সহকারী উপ-পরিদর্শক ০৪]
ক. মিনাক্ষী খ. তনয়া
গ. সুন্দরী ঘ. ননদিনী **উত্তর : খ**

◆ কোনটি প্রতিশব্দ নয়: 'নারী' [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অফিসার]
ক. সামন্তিনী খ. কামিনী
গ. আত্মজ ঘ. ভামিনী
ঙ. কান্তা **উত্তরঃ গ**

◆ কোনটি শব্দটি ভিন্নার্থক? [জনবিনিময়তীয় ক্ষেত্র]
ক. কামিনী খ. রামা
গ. অঙ্গনা ঘ. চারু **উত্তরঃ ঘ**

◆ 'পুত্র' এর সমার্থক শব্দ নির্ণয় কর। [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অফিসার-২০১৫; বাদ্য অফিসারের সহকারী উপবাদ্য পরিদর্শক ০৯]
ক. পতি খ. তনু
গ. তনয় ঘ. কোনোটিই নয় **উত্তরঃ গ**

◆ কোন শব্দটি পুত্র শব্দের সমার্থক বা প্রতিশব্দ নয়? [সহকারী জেলা শিক্ষা অফিসার ০৯]
ক. আত্মজ খ. তনয়
গ. নন্দন ঘ. শৈল **উত্তরঃ ঘ**
ব্যাখ্যাঃ শৈল শব্দের সমার্থক শব্দ পর্বত।

◆ কোনটি প্রতিশব্দ নয়: 'রাজা' [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান জুনিয়র অফিসার]
ক. নরেন্দ্র খ. কিরণমালী
গ. নৃপতি ঘ. ভূপাল **উত্তরঃ খ**
ব্যাখ্যাঃ কিরণমালী শব্দের অর্থ 'সূর্য'।

◆ কোনটি ভিন্নার্থক? [কর্মবিনিময়তীয় ক্ষেত্র]
ক. নৃপতি খ. ভূপতি
গ. নগেন্দ্র ঘ. নরেন্দ্র **উত্তরঃ গ**

মূল শব্দ	সমার্থক বা একার্থক শব্দ বা প্রতিশব্দ
পক্ষী	বিহগ, বিহঙ্গম, দ্বিজ, খেচর, পাখি, বিহঙ্গ, খগ
কবুতর	কপোত, পায়রা
কাক	বায়স, পরভৃৎ
কোকিল	পরভৃত, পিক, কাকপুষ্ট, পরপুষ্ট, অন্যপুষ্ট, কলকণ্ঠ, বসন্তদূত
ভ্রমর	মধুকর, মধুলেহ, মধুপ, ভোমরা, মৌমাছি, অলি, ভৃঙ্গ, ষটপদ

Download from www.bdniyog.com

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নোত্তর

www.boiyog.com

◈ 'পাখি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (মূল/সম্পূরক) ২০১৪]
ক. বিহগ খ. গরুড়
গ. পৃপ ঘ. বিহঙ্গ
উত্তর: গ

◈ 'খগ' শব্দটির অর্থ কি? [কলেজ সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৪]
ক. ঘোড়া খ. বাঘ
ঘ. মানুষ ঙ. কোনোটিই নয়
উত্তর: গ. পাখি

◈ 'ভ্রমর' অর্থে কোনটি শুদ্ধ নয়? [মাদ্রাসা ও তিটিপি অধিদপ্তরের নিয়োগ পরীক্ষা: ০৭]
ক. মধুলেহ খ. ভোমরা
গ. মৌমাছি ঘ. মধুময়
উত্তর: ঘ

◈ 'কোকিল' শব্দের সমার্থক শব্দ কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
